আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য দ্বীন তালাশ করছে? আসমান ও যমীনে যা কিছু রয়েছে স্বেচ্ছায় হোক বা অচ্ছিায় হোক, তাঁরই অনুগত হবে এবং তাঁর দিকেই ফিরে যাবে।

সূরা আল ইমরান ৮৩

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৩ অক্টোবর ২০২৬ ॥ ০১ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ২৮ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১২৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

ষড়যন্ত্র প্রতিহত করতে প্রস্তুত বিএনপি: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

পরাজিত শক্তি ও তাদের মদতদাতাদের নাশকতা ও ষড়যন্ত্র প্রতিহত করতে বিএনপি সজাগ ও প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

মেয়েদের বিয়ের বয়স কমাতে রাজনৈতিক নেতারা তদবির করছেন: ববি হাজ্জাজ

কীর্তনখোলা ডেস্ক

দেশের বড় বড় রাজনৈতিক দলের নেতারা মেয়েদের বিয়ের বয়সসীমা কমানোর জন্য তদবির করছেন বলে জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

বিধবা কার্ড দিলে এমপির বউ সবার আগে নেবে: হাসনাত আবদুল্লাহ

কীর্তনখোলা ডেস্ক

সরকার বিধবা কার্ডের মাধ্যমে আর্থিক সহায়তা দিলে সংসদ সদস্যের স্ত্রীই সবার আগে সেই কার্ড নেবেন বলে মন্তব্য ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আক্রান্ত এক লাখ ছাড়াল

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও চারজনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ১৬৭ জন। সোমবার (১২ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ২ এর পাতায় দেখুন

দাম্পত্য কলহের জেরে স্ত্রীকে রড দিয়ে পিটিয়ে হত্যা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাবুগঞ্জে দাম্পত্য কলহের জেরে স্ত্রী ঐশী আক্তারকে (২৫) লোহার রড দিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামী সোহেল খানে (২৮) বিরুদ্ধে। অভিযোগ, মারধরে গুরুতর আহত হওয়ার পর চার দিন চিকিৎসা ছাড়াই বাড়িতে আটকে রাখা হয় ঐশীকে। সোমবার (১২ অক্টোবর) সকালে বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায়

সোহেল খানকে আটক করেছে পুলিশ। নিহত ঐশী আক্তার বাবুগঞ্জ উপজেলার দেহেরগতি ইউনিয়নের বাহেরচর সাধুকাঠী গ্রামের শাহে আলমের মেয়ে। তার তিন মাস বয়সী একটি সন্তান রয়েছে। অভিযুক্ত সোহেল খান কেদারপুর ইউনিয়নের ভূতেরদিয়া গ্রামের ৫ নম্বর ওয়ার্ডের কাদের খানের ছেলে। তিনি পেশায় রাজমিস্ত্রি। স্বজনদের অভিযোগ, ঘটনার চার দিন আগে দাম্পত্য কলহের জেরে ঐশীকে মারধর করেন সোহেল। এ সময় তার মাথায় লোহার রড দিয়ে আঘাত করা হয়। এতে মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম হয় তার। তবে তাকে চিকিৎসকের কাছে না নিয়ে বাড়িতে আটকে রাখা হয়। সোমবার ভোরে হঠাৎ জ্ঞান হারালে সকালে তাকে বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. এ কে মনিরুল ইসলাম জানান, মস্তিষ্কে প্রচুর রক্তক্ষরণের কারণে ঐশীর মৃত্যু হয়েছে। তার শরীরের বিভিন্ন ২ এর পাতায় দেখুন

পাঁচ ধাপে ইউপি নির্বাচন ভোট শুরু ২১ জানুয়ারি

কীর্তনখোলা ডেস্ক

আগামী বছরের ২১ জানুয়ারি থেকে ২৭ মে'র মধ্যে সারা দেশে ইউনিয়ন পরিষদ নির্বাচন আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। পাঁচটি ধাপে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রতিটি ধাপের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার। সোমবার (১২ অক্টোবর) নির্বাচন কমিশনের ১৩তম সভা শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। নির্বাচন কমিশনার জানান, যেসব ইউনিয়ন পরিষদের নির্বাচনের সময় পার হয়ে গেছে বা এই সময়সীমার মধ্যে নির্বাচনী চক্রের আইনি মেয়াদ পূর্ণ হবে, সেগুলোতে ২৭ মে'র মধ্যে ভোট সম্পন্ন করা হবে। তিনি জানান, ইসির সিদ্ধান্ত অনুযায়ী ইউপি নির্বাচনের প্রথম ধাপের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে আগামী বছরের ২১ জানুয়ারি। দ্বিতীয় ধাপের ভোটগ্রহণ ৪ ফেব্রুয়ারি, তৃতীয় ধাপে ২৯ এপ্রিল, চতুর্থ ধাপে ১৩ মে এবং পঞ্চম ২ এর পাতায় দেখুন

হত্যা মামলায় মঈন আবদুল্লাহ গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের সাবেক সংসদ সদস্য আবুল হাসানাত আবদুল্লাহর ছেলে মঈনউদ্দিন আহাম্মেদ আব্দুল্লাহকে রাজধানীর মিরপুরে ফিরোজ তালুকদার ওরফে পলাশ হত্যা মামলায় গ্রেফতার দেখানো হয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত এ হত্যাকাণ্ডের মামলায় ঢাকার একটি আদালত তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। সোমবার (১২ অক্টোবর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম শুনানি শেষে মঈন আবদুল্লাহকে এ মামলায় গ্রেফতার দেখানোর আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা মিরপুর মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) আজিম আহম্মেদ তাকে গ্রেফতার দেখানোর আবেদন করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী শামসুদ্দোহা সুমন বিষয়টি নিশ্চিত করেছেন। মামলার অভিযোগ অনুযায়ী, ২০২৪ সালের ১৯ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় ২ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহ শুরু সারাদেশে লক্ষ্য প্রায় সাড়ে ৪ কোটি

একরামুল একরাম

নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত করা এবং সামাজিক নিরাপত্তা জোরদারের লক্ষ্যে দেশব্যাপী ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহ শুরু হয়েছে। সোমবার থেকে দেশের সব এলাকায় একযোগে এ কার্যক্রম শুরু হয়। এর অংশ হিসেবে বরিশালেও কর্মসূচি বাস্তবায়নের প্রস্তুতি ও তথ্য সংগ্রহের পদ্ধতি সম্পর্কে অবহিত করতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে জানানো হয়, এ কর্মসূচির আওতায় নারী পরিবার প্রধানদের তথ্য সংগ্রহ করা হবে। সংগৃহীত তথ্য যাচাই-বাছাইয়ের মাধ্যমে যোগ্য পরিবারকে ফ্যামিলি কার্ড ও ভাতা দেওয়ার ব্যবস্থা করা হবে। সরকারের ঘোষিত পরিকল্পনা অনুযায়ী, ২০২৬ সালের ডিসেম্বরের মধ্যে দেশের আনুমানিক ৪ কোটি ৪৫ লাখ পরিবারের তথ্য সংগ্রহ করে একটি সমন্বিত ডেটাবেইজে অন্তর্ভুক্ত করার লক্ষ্য নির্ধারণ করা ২ এর পাতায় দেখুন

মির্জাগঞ্জের শিরিনকে হত্যা করে ৪ টুকরো করে স্বামী

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় শিরিন বেগম (৩৫) নামে এক নারীর ৪ টুকরো মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রবিবার (১১ অক্টোবর) দিনগত রাত সাড়ে ৩টার দিকে দক্ষিণ যাত্রাবাড়ীর মীর হাজিরবাগ এলাকার একটি বাসা থেকে খণ্ডিত মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় তার স্বামী দুলালকে (৫০) আটক করেছে পুলিশ। নিহত শিরিন বেগমের বাড়ি পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার বিখাখালি গ্রামে। তার বাবার নাম মৃত সোহরাব আলী। যাত্রাবাড়ী থানার পরিদর্শক (তদন্ত) মো. এ কে এম মইনুদ্দিন জানান, জাতীয় জরুরি ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

বরিশালের সাব রেজিস্ট্রি অফিস কি শোধরাবে না?

কিছু কিছু সরকারি অফিসের কর্তা-কর্মচারীরা এমন হন যে, তারা প্রতিজ্ঞা করেই রাখেন যে, ভাত-পরাটা কম খাবেন, মাছ-মাংস অল্প হয়েও অসুবিধা নাই কিন্তু ঘুষ না খেলে চলবেই না। তাদের মধ্যে সাব-রেজিস্ট্রি অফিস অগ্রগণ্য। তাদের লক্ষ্যই থাকে রাতে বাসায় ফেরার পথে ব্যাগ ভরে যেতে হবে, সবজি-তরকারি দিয়ে না, টাকা দিয়ে। সাব- রেজিস্টার সাহেবের টাকা হিসাব কষতে আলাদা হিসাব সহকারী নিয়োগ দিয়ে রাখেন। আজ পর্যন্ত আমার ৩০ বছরের বরিশাল জীবনে শোনা গেল না এখানকার সাব রেজিস্টার মহোদয় ভালো মানুষ, ঘুষ খান না।

গত ৭ অক্টোবর, এক পার্টি জমির দলিল করতে এসে নানান জটিলতায় তাদের সকল কাজ সারতে সন্ধ্যা হয়ে যায়। তখনো সাব রেজিস্ট্রার তার দপ্তরে কাজ করছেন। দলিল লেখক খবর নিয়ে গেলেন, তার একটি দলিল আছে। অমনি উনি তাড়াহুড়া শুরু করলেন। তার বের হতে হবে; তিনি বেরও হয়ে গেলেন। দলিল গ্রহিতা পড়লেন ফ্যাসাদে। আজ দলিল না হলে, এই দলিলই অনিশ্চিত হয়ে যাবে। দাতা বেশ ২ এর পাতায় দেখুন

উৎসবমুখর পরিবেশে দুর্গোৎসবের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী: জহির উদ্দিন স্বপন

ইদ্রিস খান, আগৈলঝাড়া

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের প্রতিটি অঞ্চলে সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসব যেন পরম আনন্দ ও উৎসবমুখর পরিবেশে উদযাপিত হতে পারে, সেজন্য সরকার এবং দলের পক্ষ থেকে সকল ধরণের সহায়তার তাগিদ দিয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, সংসদীয় কমিটির সভায় প্রধানমন্ত্রী সকল সংসদ সদস্যকে স্ব স্ব এলাকায় হিন্দু সম্প্রদায়ের মানুষদের সবচেয়ে বড় এই ধর্মীয় উৎসব নির্বিঘ্ন ও উৎসবমুখর করতে সর্বাত্মক সহযোগিতার নির্দেশনা দিয়েছেন। সোমবার বিকেলে বরিশালের গৌরনদী উপজেলার বার্থী সার্বজনীন কালীমন্দির প্রাঙ্গণে শারদীয় দুর্গোৎসব উদযাপন উপলক্ষে উপজেলা পূজা মণ্ডপসমূহের সভাপতি-সাধারণ সম্পাদক ও ভক্তদের সাথে এক প্রস্তুতি পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি ২ এর পাতায় দেখুন

দুইদিন সারা দেশে এলপিজি বিক্রি বন্ধ

কীর্তনখোলা ডেস্ক

কমিশন বাড়ানো, গ্যাসের সরবরাহ নিশ্চিত করা, প্রশাসনিক হয়রানি বন্ধসহ বিভিন্ন দাবিতে ১৫ ও ১৬ অক্টোবর সারা দেশে এলপি গ্যাসের খুচরা বিক্রি বন্ধ রাখার ঘোষণা দিয়েছে এলপি গ্যাস ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেড। সোমবার দুপুরে ঢাকার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সভাপতি মো. সেলিম খান। সেলিম খান বলেন, '১৫ অক্টোবর বৃহস্পতিবার ২ এর পাতায় দেখুন

নগরীতে সবজির দাম স্থিতিশীল থাকলেও মাছের দাম চড়া

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সবজির দাম স্থিতিশীল থাকলেও সপ্তাহের ব্যবধানে বিভিন্ন ধরনের মাছের দাম কেজিতে ৫০ থেকে ৮০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে চাহিদা অনুযায়ী মাছ কিনতে হিমশিম খাচ্ছেন সাধারণ ক্রেতারা। সামবার (১২ অক্টোবর) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজার ও পোর্ট রোড মাছের বাজার ঘুরে এ চিত্র দেখা গেছে। বাজার ঘুরে দেখা যায়, পাইকারি বাজারে গত এক সপ্তাহ ধরে প্রতি কেজি কাঁচামরিচ ৮০ থেকে ৮৫ টাকা দরে বিক্রি হচ্ছে। এ ছাড়া পটল ৩০-৩৫, ঢেঁড়স ৪০-৫৫, চিচিঙ্গা ৪০-৫০, ধুন্দল ৫০, ঝিঙা ৪৫, করলা ৪০-৪৫, ফুলকপি ৪৫, বাঁধাকপি ৬০, গাজর ৯০-১০০, পেঁপে ১০ এবং লাউ ৩০-৪০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। প্রতি হালি লেবু বিক্রি হচ্ছে ৩০ টাকায়। অন্যদিকে শীতকালীন শিমের দাম কেজিতে ১০০ থেকে ১২০ টাকা। এসব সবজি খুচরা বাজারে পাইকারির চেয়ে ২০ থেকে ৬০ টাকা বেশি দামে বিক্রি হতে দেখা গেছে। নগরীর বাংলাবাজারে ২ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশের মাসিক কল্যাণ সভা

সাঈদ রেশাদ

বরিশাল মেট্রোপলিটন পুলিশের মাসিক কল্যাণ সভা গতকাল পুলিশ লাইন্স ড্রিল শেডে বরিশাল মেট্রোপলিটন পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের সম্মানিত কমিশনার জনাব আবু রায়হান মুহাম্মদ সালেহ্ মহোদয়। সভায় পুলিশ সদস্যদের চিকিৎসা, ছুটি, বেতন-রেশন, ডাইনিং ও ক্যান্টিনসহ কল্যাণসংশ্লিষ্ট সার্বিক বিষয়ে আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ সময় তিনি পেশাদারিত্ব ও শৃঙ্খলা বজায় রেখে দায়িত্ব পালনের পাশাপাশি মাদক, কিশোর গ্যাং, জুয়া ও অনলাইন জুয়ার বিরুদ্ধে কঠোর ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সংকটে আবাসন খাত

দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা আবাসন খাত নানা সংকটে জর্জরিত। নির্মাণসামগ্রীর আকাশছোঁয়া মূল্যবৃদ্ধি, উচ্চ সুদের হার ও নতুন করের চাপের কারণে সম্ভাবনাময় এই খাতে স্থবিরতা বিরাজ করছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, ফ্ল্যাট বিক্রি তলানিতে নেমে যাওয়ায় নতুন প্রকল্প হাতে নিচ্ছে না অনেক ডেভেলপার। কোথাও নির্মাণকাজ বন্ধ হয়ে আছে, এমনকি জমির মালিক ও আবাসন প্রতিষ্ঠানের চুক্তিও বাতিল হচ্ছে। ফলে আবাসন খাতের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য শিল্প খাতও ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং মারাত্মক ঝুঁকিতে পড়েছে লাখো লোকের কর্মসংস্থান। নিবন্ধন অধিদপ্তরের তথ্যের বরাত দিয়ে খবরে বলা হয়, ২০২৬ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে দেশে ৪১ হাজার ৮০৪টি ফ্ল্যাট হস্তান্তরের দলিল নিবন্ধিত হয়েছে। এসব ফ্ল্যাটের ঘোষিত মূল্য প্রায় ১৮ হাজার কোটি টাকা। এর মধ্যে ঢাকায় নিবন্ধিত হয়েছে ২৯ হাজার ৯১৩টি ফ্ল্যাট। ২০২৫ সালের একই সময়ের তুলনায় চলতি বছরের প্রথম ছয় মাসে ফ্ল্যাট নিবন্ধন কমেছে ১৯.৬১ শতাংশ। ২০২৪ সালের একই সময়ের তুলনায় কমেছে ২৫.৩৫ শতাংশ এবং ২০২৩ সালের জানুয়ারি-জুনের তুলনায় কমেছে ৪২.৭৩ শতাংশ। ২০২৩ সালে দেশে এক লাখ ৪৬ হাজার ফ্ল্যাট নিবন্ধিত হয়েছিল, যার ঘোষিত মূল্য ছিল এক লাখ কোটি টাকা। ২০২৪ সালে নিবন্ধিত ফ্ল্যাটের সংখ্যা কমে দাঁড়ায় এক লাখ ১২ হাজারে। এসব ফ্ল্যাটের ঘোষিত মূল্য ছিল ৭৯ হাজার কোটি টাকা। ২০২৫ সালে নিবন্ধিত ফ্ল্যাটের সংখ্যা আরো কমে এক লাখ চার হাজারে নেমে আসে। তখন এসব ফ্ল্যাটের ঘোষিত মূল্য ছিল ৬১ হাজার কোটি টাকা। জানা গেছে, আবাসন খাতের সংকটের অন্যতম কারণ নির্মাণসামগ্রীর মূল্যবৃদ্ধি। করোনাভাইরাস মহামারির পরপরই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে নির্মাণসামগ্রীর দাম ৫০ থেকে ৬০ শতাংশ বেড়ে যায়। সেই যুদ্ধ শেষ না হতেই গোটা মধ্যপ্রাচ্য অগ্নিগর্ভ হয়ে ওঠে, যা এখনো চলমান। বিশ্বায়নের এই যুগে আন্তর্জাতিক বাজারের অস্থিরতার প্রভাব সরাসরি দেশীয় বাজারে পড়ে। বিশেষ করে সাম্প্রতিক সময়ে জ্বালানিসংকটের কারণে দেশের শিল্প খাত রীতিমতো ধুঁকছে। বেসরকারি বিনিয়োগে চলছে খরা। এসবের পাশাপাশি ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে ফ্ল্যাট নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত মূল্যের ওপর ১৫ শতাংশ মূলধনী মুনাফা কর, রড ও সিমেন্টের ওপর ১০ শতাংশ নিয়ন্ত্রণমূলক শুল্ক এবং অপ্রদর্শিত অর্থ বৈধ করার সুযোগ কঠোর হওয়ায় আবাসন খাতে অচলাবস্থা দেখা দিয়েছে। পরিস্থিতি এতটাই নাজুক হয়ে পড়েছে–নতুন প্রকল্পের পথ সংকুচিত হওয়ার পাশাপাশি পুরনো চুক্তিও বাতিল হচ্ছে। রিহ্যাব সূত্র বলছে, ২০২৬ সালের প্রথম ছয় মাসে শুধু ঢাকায়ই জমির মালিক ও ডেভেলপারদের মধ্যে প্রায় ৪৫০টি চুক্তি বাতিল হয়েছে। ২০২৫ সালে বাতিল হয়েছিল প্রায় এক হাজার চুক্তি। এ ছাড়া ফ্ল্যাট কিনে এখনো বুঝে না পাওয়া ক্রেতাদের প্রায় দুই হাজারটি অভিযোগের নিষ্পত্তি নিয়ে কাজ করছে রিহ্যাব।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের

ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য যে সভার শুরুতে বিএমপিতে কর্মরত থাকা সম্প্রতি মৃত্যুবরণকারী এএসআই মোঃ নজরুল ইসলাম আকন এর স্মরণে দোয়া মোনাজাত করা হয়। এছাড়াও অবসরে যাওয়া এএসআই সশস্ত্র ১৭৪ মোহাম্মদ সাইদুল ইসলাম তালুকদারকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়। এ সময় বিএমপি'র অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দুইদিন সারা দেশে এলপিজি

ও ১৬ অক্টোবর শুক্রবার–এই দুই দিন আমাদের সারা দেশে সব গ্যাসের দোকানপাট বন্ধ ঘোষণা করা হলো।' এই দুই দিনের মধ্যে সমস্যার সমাধান না হলে পরে সারা দেশে অনির্দিষ্টকালের জন্য এলপিজির দোকান বন্ধ রাখার হুঁশিয়ারিও দেন তিনি। সংবাদ সম্মেলনে এলপিজি ব্যবসায়ীদের সাত দফা দাবি তুলে ধরা হয়। এর মধ্যে রয়েছে পরিবেশকদের কমিশন বাড়ানো, কোম্পানিগুলোর সরবরাহ নিশ্চিত করা এবং ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান ও জরিমানার নামে হয়রানি বন্ধ করা।' সেলিম খান বলেন, পাঁচ বছর আগে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) পরিবেশকদের জন্য সিলিন্ডারপ্রতি ৫০ টাকা কমিশন নির্ধারণ করেছিল। কিন্তু এর মধ্যে জ্বালানি তেলের দাম, পরিবহন খরচ, সিলিন্ডার ওঠানো-নামানোর খরচ, গুদামভাড়া ও লাইসেন্স ফি বেড়েছে। এসব কারণে কমিশন ৫০ টাকা থেকে বাড়িয়ে ১৫০ টাকা অথবা বিক্রয়মূল্যের ৭ শতাংশ নির্ধারণের দাবি জানিয়েছেন তাঁরা। এর আগে বিইআরসিকে দেওয়া চিঠিতে সংগঠনটি জানিয়েছিল, কোম্পানি থেকে পরিবেশকের গুদাম পর্যন্ত একটি সিলিন্ডার আনতে ৫০ টাকা খরচ হয়। সিলিন্ডার ওঠানো-নামানো ও খুচরা বিক্রেতার কাছে পৌঁছাতে আরও ৩৫ টাকা লাগে। কর্মচারীর বেতন, গুদামভাড়া, বিদ্যুৎ বিল ও অন্যান্য খরচ ২৫ টাকা। এর সঙ্গে ৪০ টাকা মুনাফা ধরে সিলিন্ডারপ্রতি ১৫০ টাকা কমিশন দাবি করা হচ্ছে। সংবাদ সম্মেলনে সেলিম খান অভিযোগ করেন, বিইআরসি প্রতি মাসে এলপিজির দাম ঘোষণা করলেও কিছু কোম্পানি পাঁচ থেকে সাত দিন পর আবার দাম পরিবর্তন করে। এতে বাজারে অস্থিরতা তৈরি হচ্ছে। কোম্পানিগুলো মাসে একাধিকবার দাম পরিবর্তন করতে চাইলে বিইআরসির মাধ্যমেই তা ঘোষণার দাবি জানান তিনি। এলপিজির সরবরাহ সংকটের কথা তুলে ধরে সেলিম খান বলেন, বর্তমানে ছয় থেকে সাতটি কোম্পানি ছাড়া বেশির ভাগ কোম্পানি গ্যাস সরবরাহ করতে পারছে না। অনেক কোম্পানি ঋণপত্র খুলতে না পারায় সারা দেশে কয়েক লাখ সিলিন্ডার অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এসব সিলিন্ডার সরকারি উদ্যোগে অথবা অন্য কোম্পানির মাধ্যমে পুনরায় গ্যাস ভরে বাজারে সরবরাহের ব্যবস্থা করার দাবি জানান তিনি। এর আগে গত ৮ জানুয়ারিও প্রশাসনিক অভিযান ও জরিমানার প্রতিবাদে দেশজুড়ে এলপিজি সরবরাহ ও বিক্রি বন্ধ রেখেছিলেন ব্যবসায়ীরা। পরে বিইআরসির সঙ্গে বৈঠক ও দাবি পূরণের আশ্বাসে ওই দিন বিকেলে ধর্মঘট প্রত্যাহার করা হয়। ৪ অক্টোবর বিইআরসি ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম ২৫২ টাকা বাড়িয়ে ১ হাজার ৮৩৭ টাকা নির্ধারণ করে; কিন্তু রাজধানীর বিভিন্ন এলাকায় এখনো সরকার নির্ধারিত দামে সিলিন্ডার মিলছে না।

নগরীতে সবজির দাম স্থিতিশীল

বাজার করতে আসা ক্রেতা অভি বলেন, সবজির দাম কিছুটা নাগালের মধ্যে থাকলেও মাছের দাম নাগালের বাইরে। দেশি মাছের সরবরাহ কম থাকায় চাষের ও সাগরের মাছের দাম বেড়েছে। বাজার মনিটরিং না থাকার কারণেও দাম বাড়ছে বলে মনে করেন তিনি। আরেক ক্রেতা খাইরুল বলেন, কয়েক দিন আগেও সব ধরনের সবজি ৫০ থেকে ৭০ টাকার মধ্যে পাওয়া যেত। এখন কিছু সবজির দাম ৮০ থেকে ১০০ টাকা। ধীরে ধীরে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। তবে ব্যবসায়ীদের দাবি, জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রভাব সবজির দামে পড়েছে। বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজারের ব্যবসায়ী শুভ বলেন, তেলের দাম বাড়ায় সবজির দামে কিছুটা প্রভাব পড়েছিল। তবে বর্তমানে সরবরাহ স্বাভাবিক থাকায় দাম স্থিতিশীল রয়েছে। অন্যদিকে নগরীর পোর্ট রোডের পাইকারি মাছের বাজারে বেড়েছে বিভিন্ন ধরনের মাছের দাম। নদীর মাছের সরবরাহ কম থাকায় চাষের মাছের চাহিদা ও দাম বেড়েছে। সপ্তাহের ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ৮০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পেরে হতাশ ক্রেতারা। জাহিদুল নামে এক ক্রেতা বলেন, আগে এক কেজি চিংড়ি মাছ ৬০০ থেকে ৬৫০ টাকায় কিনেছেন। এখন সেই চিংড়ি কেজিতে ১ হাজার ৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে পারছেন না। আরেক ক্রেতা সবুজ বলেন, এখন সাধারণ মানুষের পক্ষে ভালো জাতের মাছ কেনা কঠিন হয়ে পড়েছে। আগে এক হাজার টাকা নিয়ে বাজারে গেলে মাছ ও সবজি দুটোই কেনা যেত। এখন ওই টাকায় এক ধরনের মাছও কেনা কঠিন। তাই সাধ্যের মধ্যে দুই কেজি পাঙাশ মাছ কিনেছেন তিনি। এদিকে নগরীতে দীর্ঘদিন ধরে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৮০, লেয়ার মুরগি ৩২০ এবং সোনালি মুরগি ২৮০ টাকায় বিক্রি হচ্ছে। গরুর মাংসের কেজি ৭৫০ এবং খাসির মাংস ১ হাজার ২৫০ টাকা।

পাঁচ ধাপে ইউপি নির্বাচন

ও শেষ ধাপে ২৭ মে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচনে কোনো একক অঞ্চলকে আলাদা না করে সব জেলায় একযোগে কার্যক্রম শুরু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এক্ষেত্রে জেলার সদর উপজেলাগুলো এবং যেসব ইউনিয়ন পরিষদের মেয়াদ পার হয়ে গেছে (ওভারডিউ) সেগুলোকে প্রথম দিকে অগ্রাধিকার দেওয়া হবে। বিশ্ব ইজতেমার আখেরি মোনাজাত ১৭ জানুয়ারি নির্ধারিত থাকায় এবং আইনশৃঙ্খলা বাহিনীর অনুরোধ বিবেচনা করে প্রথম ধাপের ভোটের তারিখ ২১ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে বলে জানান নির্বাচন কমিশনার সানাউল্লাহ। এনআইডি অনুবিভাগ ও স্মার্টকার্ড প্রসঙ্গে সানাউল্লাহ বলেন, দ্বিতীয় বিষয় যেটা আমরা আলোচনা করেছি, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের আমাদের কর্মকর্তাদের প্রশাসনিক এবং আর্থিক কিছু ক্ষমতা নিয়ে। এখানে প্রাথমিক কিছু আলোচনা হয়েছে, বিস্তারিত একটা কমিটির মাধ্যমে সম্পাদন হবে। আমরা কিছু ইন্টার্নাল রিডিস্ট্রিবিউশন এলাও করেছি। তিনি বলেন, আমাদের পার্সোনালাইজেশন সেন্টার নিয়ে একটা সমস্যা ছিল। চুক্তি ও অডিট অবজেকশনের ব্যাপারে আমরা সুনির্দিষ্ট দিকনির্দেশনা দিয়েছি, যাতে করে আগামী মাসের (নভেম্বর) মাঝামাঝি সময় থেকে পূর্ণ ক্যাপাসিটিতে পার্সোনালাইজেশন সেন্টারে স্মার্টকার্ডগুলো প্রিন্ট করা যায়। একইসঙ্গে অডিট অবজেকশনসহ অন্যান্য প্রশাসনিক বিষয়গুলো সমাধানের উদ্যোগ নিতে বলা হয়েছে। ইভিএম যন্ত্রাংশ ও ইভিএম ব্যবহার না করা নিয়ে তিনি বলেন, আমরা তো ইতোপূর্বেই কমিশনের একদম শুরুর দিকের সভাতেই সিদ্ধান্ত নিয়েছি যে ইভিএম আর ব্যবহৃত হবে না। কিন্তু এই ইভিএমগুলো এখনো আমাদের কাছে রয়ে গেছে এবং ইভিএম সংক্রান্ত অনেক ঝামেলা এখনো পোহাতে হচ্ছে। ইভিএম সংক্রান্ত যে কমিটিগুলো ছিল তাদের বক্তব্য আমরা শুনেছি। চূড়ান্তভাবে ডিসপোজালসহ পূর্ববর্তী কমিটির সিদ্ধান্তগুলো কীভাবে বলবৎ করা যায়, সেজন্য কমিটিকে নির্দেশনা দেওয়া হয়েছে। আইনি এভিডেন্সের বিষয়ে তিনি স্পষ্ট করেন, আমরা চাচ্ছি দ্রুততম সময়ে এই ইভিএমগুলো যেন ডিসপোজাল হয়ে যায়। পাশাপাশি যে আইনি বিষয়গুলো আছে–দুদকসহ, সেগুলোর জন্য যে এভিডেন্স বা প্রমাণ রাখা দরকার সেগুলো রেখে বাকিগুলোকে দ্রুততম সময়ে ডিসপোজাল দেওয়াই হচ্ছে আমাদের উদ্দেশ্য। মৃত ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া সহজীকরণ নিয়ে তিনি বলেন, মৃত ভোটারদের তালিকা থেকে বাদ দিতে আমাদের এখন যে পদ্ধতি আছে, তাতে সুনির্দিষ্টভাবে পরিবারের সদস্য বা চেনা জানা কাউকে ১২ নম্বর ফর্মটি পূরণ করতে হয়। এতে দেখা যাচ্ছে সচেতনতার অভাব হোক বা অন্যান্য কারণে অনেক মৃত ভোটার তালিকাতে থেকে যান। আমরা এটাকে কিভাবে আরও যুগোপযোগী করা যায়, অন্যান্য সোর্স থেকে ইনফরমেশন নিয়ে মৃত ভোটারদের টাইমলি বাদ দেওয়া যায় তা নিয়ে আলোচনা করেছি। তিনি জানান, আমরা একটা প্রস্তাবনা শুনেছি, সেই প্রস্তাবনাটা পাইলট আকারে কিছু উপজেলা এবং ইউনিয়নে আমরা চালু করব। তারপরে এটার সাকসেস দেখার পরে ও রিভিউ করার পরে পূর্ণাঙ্গভাবে সারাদেশে ডেপ্লয় করা হবে। নির্বাচন পদক সম্পর্কে সানাউল্লাহ বলেন, জাতীয় নির্বাচন পদক নীতিমালা ২০২৫-এর একটা খসড়া উপস্থাপন করা হয়েছে। এটাতে আজকে কোনো সিদ্ধান্ত দেওয়া হয়নি। কমিশনের সদস্যবৃন্দ ব্যক্তিগতভাবে এটি আরও স্টাডি করে মতামত দেওয়ার কথা জানিয়েছেন, ততদিন পর্যন্ত আমরা ওয়েট করব। গত বছর এ পদক দেওয়া হয়নি, এই বছরেরটাও পেন্ডিং আছে। নীতিমালার আলোকেই তা দেওয়া হবে। আইনশৃঙ্খলা ও নির্বাচন সুষ্ঠু হওয়া নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, জাতীয় নির্বাচনের আগেও আমাদেরকে এমন অনেক কথা শুনতে হয়েছিল, তারপরও জাতীয় নির্বাচন স্মরণকালের সবচেয়ে শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। আমরা মনে করি না বাংলাদেশ আর কোনো সংঘাতময় নির্বাচনের পথে হাঁটার জন্য প্রস্তুত আছে। আমরা আশা করব যে ভালো নির্বাচনের সংস্কৃতি আমরা শুরু করেছি, তা বলবত্ত রাখব এবং সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার আমাদের সহায়তা করবেন।

ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহ শুরু

হয়েছে। পাশাপাশি চলতি অর্থবছরে নতুন করে ৪০ লাখ নারী পরিবারপ্রধানকে ফ্যামিলি কার্ড ও ভাতা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংবাদ সম্মেলনে জানানো হয়, তথ্য সংগ্রহকারীরা বিশেষায়িত ট্যাবলেট ব্যবহার করে বাড়ি বাড়ি গিয়ে পরিবারের সদস্য, আর্থসামাজিক অবস্থা এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন। পরে এসব তথ্য অনলাইন ডেটাবেইজে সংরক্ষণ করা হবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণও দেওয়া হয়েছে। কর্মসূচির আওতায় পরিবারগুলোর আর্থসামাজিক অবস্থা যাচাইয়ে প্রোগ্রেসিভ মীনস টেস্ট (পিএমটি) পদ্ধতি অনুসরণ করা হবে। এ পদ্ধতিতে পরিবারগুলোকে পাঁচটি শ্রেণিতে ভাগ করে ভাতা পাওয়ার যোগ্যতা নির্ধারণ করা হবে। এর মাধ্যমে নির্ধারিত মানদণ্ড অনুযায়ী উপযুক্ত পরিবার চিহ্নিত করে সহায়তা দেওয়ার পরিকল্পনা রয়েছে। ফ্যামিলি কার্ডে ডুয়াল চিপ, কিউআর কোড ও এনএফসি প্রযুক্তি সংযুক্ত থাকবে। এসব প্রযুক্তির মাধ্যমে নির্ধারিত ব্যাংক, বিক্রয়কেন্দ্র ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ব্যবহার করে ভাতা উত্তোলনের সুযোগ থাকবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। সংশ্লিষ্টরা জানান, ফ্যামিলি কার্ড কর্মসূচির মাধ্যমে নারী পরিবারপ্রধানদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি, অর্থনৈতিক স্বাধীনতা নিশ্চিত এবং অসচ্ছল পরিবারগুলোর সামাজিক সুরক্ষা জোরদার করার উদ্যোগ নেওয়া হয়েছে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমাজসেবা অধিদপ্তরের বিভাগীয় পরিচালক শাহ মোহাম্মদ রফিকুল ইসলাম, বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা বেগম, বরিশাল সিটি করপোরেশনের ম্যাজিস্ট্রেট রায়হান-উজ্জামান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মো. ইকবাল কবির এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ সাজ্জাদ পারভেজ।

উৎসবমুখর পরিবেশে দুর্গোৎসবের নির্দেশনা

এসব কথা বলেন। জহির উদ্দিন স্বপন বলেন, 'সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান শারদীয় দুর্গোৎসবের আনন্দ অনেক প্রাচীন এক ঐতিহ্যের ধারক। এই আনন্দ কেবল একটি সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ থাকে না; এতে সর্বস্তরের অন্যান্য সম্প্রদায়ের মানুষও সম্পৃক্ত হয়ে পড়েন। অসাম্প্রদায়িক বাংলাদেশে এটি একটি সার্বজনীন জাতীয় আনন্দের দিনে পরিণত হয়।' তিনি আরও বলেন, 'আমাদের সরকার দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো অত্যন্ত দায়িত্বশীলতার সাথে এই পূজা-পার্বণের সার্বিক নিরাপত্তা ও দেখভালের ভার গ্রহণ করেছে। সনাতন ধর্মাবলম্বী পূজনীয় নেতৃবৃন্দ ও ভক্তরা যখনই প্রধানমন্ত্রীর সাথে এই ধর্মীয় উৎসব নিয়ে কথা বলতে গিয়েছেন, প্রধানমন্ত্রী তাদের প্রত্যাশার চেয়েও অনেক বেশি আন্তরিকতা ও সহযোগিতা নিয়ে এগিয়ে এসেছেন।' উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি প্রেমানন্দ ঘরামীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল, গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব এবং পৌর বিএনপির আহ্বায়ক জাকির হোসেন শরীফ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক তাপস বণিক, সাবেক সভাপতি মনোজ গোমস্তা, বার্থী মন্দির ট্রাস্টি বোর্ডের সভাপতি শান্তনু ঘোষসহ উপজেলার বিভিন্ন পূজামণ্ডপ পরিচালনা কমিটির নেতৃবৃন্দ।

মির্জাগঞ্জের শিরিনকে হত্যা

সেবা নম্বর ৯৯৯ এর মাধ্যমে খবর পেয়ে রাতে মীর হাজিরবাগের একটি বাসা থেকে খণ্ডিত ওই মহিলার মরদেহ উদ্ধার করা হয়। নারীর দেহটি ৪ টুকরো করা ছিল এবং ঘটনাস্থল থেকে তার স্বামীকে আটক করা হয়েছে। তিনি আরও জানান, প্রাথমিকভাবে জানা গেছে নিহত ওই নারী পরকীয়ায় জড়িত ছিলেন। এ কারণে স্বামী-স্ত্রীর মধ্যে প্রায় সময় ঝগড়া লাগতো। এর জের ধরে রাতের যেকোনো সময় দুলাল স্ত্রী শিরিনকে হত্যা করেন এবং ঘাড় থেকে মাথা ও উরু থেকে দুই পা আলাদা করে ফেলেন। পুলিশের এই কর্মকর্তা আরও বলেন, আইনি প্রক্রিয়া শেষে খণ্ডিত মরদেহ ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নিহত শিরিন বেগমের পরিবারের বাকি সদস্যদের খবর দেওয়া হয়েছে। এ বিষয়ে মামলার প্রক্রিয়াধীন রয়েছে।

হত্যা মামলায় মঈন

মিরপুর-১০ নম্বর গোলচত্বরে গুলিবিদ্ধ হন ফিরোজ তালুকদার ওরফে পলাশ। পরে মিরপুরের আলোক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। ফিরোজ রংপুর কেমিক্যাল লিমিটেডের কর্মকর্তা ছিলেন। এ ঘটনায় তার স্ত্রী ২০২৪ সালের ২৫ আগস্ট হত্যা মামলা করেন। ওই মামলায় মঈন আবদুল্লাহকে সন্দিগ্ধ আসামি হিসেবে গ্রেফতার দেখানো হয়েছে। আদালত সূত্রে জানা যায়, মঈন আবদুল্লাহকে ২০২৪ সালের ২৬ অক্টোবর প্রথম গ্রেফতার করা হয়। ওই দিন রাজধানীর গুলশান-২ এলাকার একটি বাসা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) তাকে গ্রেফতার করে।

ডেঙ্গুতে আক্রান্ত এক

ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৩০৮ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অক্টোবরের প্রথম ১১ দিনে মারা গেছে ৬২ জন। এছাড়া সেপ্টেম্বরে সর্বোচ্চ ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, রোববার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ২ হাজার ১৬৭ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১ হাজার ৪৪২ জনে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ২ হাজার ৪২৮ জন। এ পর্যন্ত মোট ৯৫ হাজার ৩৩১ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৮৭১ জন। এছাড়া চট্টগ্রামে ২৮৭ জন, খুলনায় ২৯৮ জন, বরিশালে ২৪৩ জন, রাজশাহীতে ২৫৩ জন, ময়মনসিংহে ১০২ জন এবং রংপুরে ৯২ জন রোগী ভর্তি হয়েছেন।

বিধবা কার্ড দিলে এমপির

করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা হাসনাত আবদুল্লাহ। তিনি বলেছেন, দেশে মেধা ও যোগ্যতার চেয়ে পরিবারতন্ত্রকে প্রাধান্য দেওয়া হচ্ছে। চাকরির নিয়োগ থেকে শুরু করে বিভিন্ন সুযোগ-সুবিধা বণ্টনেও সংসদ সদস্যদের পরিবারের সদস্যরা অগ্রাধিকার পাচ্ছেন বলে অভিযোগ করেন তিনি। সোমবার (১২ অক্টোবর) দুপুরে নারায়ণগঞ্জ জেলা শিল্পকলা একাডেমিতে মহানগর ছাত্রশক্তির উদ্যোগে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সারের ডিলারশিপে সংসদ সদস্যদের ছেলে, মেয়ে ও শ্যালিকাদের নিয়োগ পাওয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, 'আপনারা দেখছেন, কিছুদিন আগে একটা নিয়োগপ্রক্রিয়ার মতো হয়েছে, সারের ডিলারশিপে। সেখানে এমপির ছেলেও সারের ডিলারশিপ পেয়েছে, এমপির মেয়েও পেয়েছে, এমপির শালীও পেয়েছে।' বিধবা ও বেকারদের জন্য সরকারি সহায়তার প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, 'ইভেন বিধবা কার্ড যদি দেওয়া হয়, বিধবা কার্ডের টাকা যদি দেওয়া হয়, এমপির বউ সবার আগে পাবে! মানে, বাংলাদেশের পরিস্থিতি হচ্ছে এমন যে বিধবা কার্ড এমপির বউ দেখা যাবে সবার আগে বলবে, 'আমাকে একটা দাও।' আর বেকার কার্ড, এগুলো সবার আগে উনারা পাবে।' দেশে মেধা ও যোগ্যতাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে হাসনাত আবদুল্লাহ বলেন, 'এই নিচু মানসিকতার উপরে উঠে আম প্রজন্ম আপনারা যারা আছেন, আমরা যেন যোগ্যতা এবং মেধাকে সর্বোচ্চ জায়গায় প্রাধান্য দিয়ে একটা বাংলাদেশ বিনির্মাণ করতে পারি। সেক্ষেত্রে আপনাদের সহায়তা চাই, আমরা চাই আপনারা আমাদের সহায়তা করবেন।' অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য আব্দুল্লাহ আল আমিন, এনসিপির মহানগর আহ্বায়ক শওকত আলী, জেলা এনসিপির আহ্বায়ক জুবায়ের সরদার এবং মহানগর ছাত্রশক্তির আহ্বায়ক কমরেড আমিনুল ইসলামসহ অন্যরা। পরে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের জিপিএ-৫ প্রাপ্ত পাঁচ শতাধিক শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

মেয়েদের বিয়ের বয়স কমাতে

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। সোমবার (১২ অক্টোবর) রাজধানীর বনানীর একটি হোটেলে কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা) ও ইউনিসেফের যৌথ উদ্যোগে বাস্তবায়িত 'হার স্কিলস, হার ফিউচার' প্রকল্পের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ববি হাজ্জাজ বলেন, দেশের বড় রাজনৈতিক দলগুলোর নেতারা মেয়েদের বিয়ের বয়সসীমা কতটা কমানো যায়, তা নিয়ে তদবির করছেন। এ বিষয়ে তাদের অবস্থান ও চাওয়ার পেছনে কী যুক্তি রয়েছে, তা জ্ঞানভিত্তিকভাবে তুলে ধরার সুযোগ তৈরি করাও সরকারের দায়িত্ব। পাশাপাশি উন্নয়ন সহযোগী, গণমাধ্যমকর্মী ও সংশ্লিষ্ট সবার জনগণকে সঠিক তথ্য দেওয়ার দায়িত্ব রয়েছে। বিয়ের বয়স নিয়ে ঐতিহাসিক প্রসঙ্গ তুলে প্রতিমন্ত্রী বলেন, প্রায় চার হাজার বছর আগের মিসর এবং আড়াই হাজার বছর আগের গ্রিসের বিয়ের বয়সসংক্রান্ত ঐতিহাসিক তথ্যের সঙ্গে বর্তমান সময়ের বাস্তবতা তুলনা করা প্রয়োজন। ২০২৬ সালে রোবটিকসের যুগে এসেও মেয়েদের বিয়ের বয়স কতটা কমানো যায়, তা নিয়ে রাজনৈতিক আলোচনা হওয়ায় প্রশ্ন তোলেন তিনি। নারীর টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করতে শুধু পেশাগত প্রশিক্ষণ বা কর্মসংস্থানের সুযোগ যথেষ্ট নয় বলেও মন্তব্য করেন ববি হাজ্জাজ। তিনি বলেন, নারীর আত্মবিশ্বাস বৃদ্ধি, যোগাযোগদক্ষতা অর্জন, অধিকার সম্পর্কে সচেতনতা এবং পরিবার ও সমাজের দৃষ্টিভঙ্গির পরিবর্তনও সমান গুরুত্বপূর্ণ। বাল্যবিয়ে প্রতিরোধে পরিবারের নিরাপত্তাসংক্রান্ত উদ্বেগ, সামাজিক চাপ ও অর্থনৈতিক অনিশ্চয়তাকে গুরুত্ব দিয়ে কাজ করার আহ্বান জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, মেয়েদের শিক্ষা, দক্ষতা অর্জন এবং অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার সুযোগ বাড়ানো গেলে নিজেদের ভবিষ্যৎ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতাও বাড়বে। প্রাতিষ্ঠানিক শিক্ষার বাইরে থাকা কিশোরী ও তরুণীদের দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে পরিবারকে সম্পৃক্ত করার ওপরও গুরুত্ব দেন তিনি। ববি হাজ্জাজ বলেন, নারীর ক্ষমতায়নে আইনগত সুরক্ষা ও সচেতনতার পাশাপাশি অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি জরুরি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিসেফ বাংলাদেশের চিফ অব এডুকেশন দীপা শঙ্কর। বিশেষ অতিথি ছিলেন ইউনিসেফ বাংলাদেশের অন্তর্বর্তী প্রতিনিধি জিলিয়ান মেলসপ এবং কোইকা বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর জিহুন কিম। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ষড়যন্ত্র প্রতিহত করতে

বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী। সোমবার (১২ অক্টোবর) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে বিএনপির স্থায়ী কমিটির সাবেক সদস্য ও সাবেক মন্ত্রী প্রয়াত ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ এস এম হান্নান শাহের দশম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন। এসময় পরাজিত শক্তি দেশের স্থিতিশীলতা বিনষ্ট এবং সামাজিক সম্প্রীতি নষ্ট করার ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেন বিএনপির এই নেতা। রিজভী বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে বিপন্ন করতে অতীতের মতো এখনো নানা ষড়যন্ত্র সক্রিয় রয়েছে। দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টির পাঁয়তারা চলছে। নাশকতার পরিকল্পনার অভিযোগে অবসরপ্রাপ্ত দুই সামরিক কর্মকর্তাকে গ্রেফতার করা হয়েছে। আসন্ন দুর্গাপূজা প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, পূজাকে কেন্দ্র করে পরাজিত শক্তি ও তাদের দোসররা পরিস্থিতি ঘোলাটে করার চেষ্টা করতে পারে। এ ধরনের অপতৎপরতা ঠেকাতে বিএনপির নেতাকর্মীরা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে প্রতিটি পূজামণ্ডপে নজরদারি রাখবেন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহযোগিতা করবেন। রিজভী বলেন, আসন্ন দুর্গাপূজাকে কেন্দ্র করে যেকোনো ধরনের নাশকতা ও ষড়যন্ত্র প্রতিহত করতে বিএনপির নেতাকর্মীরা 'ঘুমহীন প্রহরীর' মতো সজাগ ও প্রস্তুত রয়েছেন। তিনি বলেন, ফ্যাসিবাদী শাসনামলে দেশজুড়ে লুটপাট, চাঁদাবাজি এবং মানুষের জায়গা-জমি ও সম্পদ দখলের যে অরাজকতা তৈরি হয়েছিল, বিএনপি সেই রাজনীতিতে বিশ্বাস করে না। বিএনপির রাজনীতি শান্তি, স্থিতিশীলতা ও আইনের শাসন প্রতিষ্ঠার রাজনীতি। দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, তৃণমূলের প্রতিটি নেতাকর্মী সরকারের অংশ। তাই তাদের আচরণে যেন ফ্যাসিবাদের কোনো ছাপ না থাকে, সে বিষয়ে সতর্ক থাকতে হবে। দীর্ঘ ১৭ বছরের সংগ্রাম ও ত্যাগের বিনিময়ে অর্জিত রাজনৈতিক পরিস্থিতিতে পদ-পদবীর লোভ পরিহার করতে হবে। রাতারাতি বিত্তশালী হওয়া কিংবা ঠিকাদারি ব্যবসার লোভে দলের দীর্ঘদিনের ত্যাগ ও আদর্শ বিসর্জন দেওয়া যাবে না। দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকটের প্রসঙ্গ তুলে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ ও বৈশ্বিক পরিস্থিতির কারণে ডিজেল আমদানিতে সংকট তৈরি হয়েছিল। তবে অন্তর্বর্তীকালীন সরকার নিষ্ঠার সঙ্গে দিনরাত পরিশ্রম করে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করছে। দেশের সামগ্রিক অর্থনীতি সচল রাখতেও সরকার কাজ করছে। গাজীপুর জেলা বিএনপির আহ্বায়ক ও সংসদ সদস্য ফজলুল হক মিলনের সভাপতিত্বে সভায় সঞ্চালনা করেন বীর মুক্তিযোদ্ধা খন্দকার আজিজুল রহমান পেরা। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন বিএনপির সাংগঠনিক সম্পাদক সাইয়েদুল আলম বাবুল। এ ছাড়া আরও উপস্থিত ছিলেন গাজীপুর জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শাহ রিয়াজুল হান্নান এবং জেলা বিএনপির বর্তমান কমিটির সদস্যসচিব ও গাজীপুর জেলা পরিষদের প্রশাসক ড. চৌধুরী ইশরাক আহমদ সিদ্দিকী প্রমুখ।

দাম্পত্য কলহের জেরে স্ত্রীকে

স্থানেও গুরুতর জখমের চিহ্ন ছিল। বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান হাওলাদার জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে সোহেল খানকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। নিহতের চোখসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে দাম্পত্য কলহের জেরে এ ঘটনা ঘটেছে বলে ধারণা করছে পুলিশ। ওসি আরও জানান, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। ঐশীর মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

নকল কীটনাশক বিক্রির অভিযোগে ৮০ হাজার টাকা জরিমানা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জের পাতারহাট বন্দরে নকল কীটনাশক বিক্রির অভিযোগে নাদিয়া এন্টারপ্রাইজের গুদামে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ফারহান খানের নেতৃত্বে কৃষি কর্মকর্তাবৃন্দ, স্থানীয় বণিক সমিতির সভাপতি সেলিম জমাদার সহ অন্যান্য সদস্য বৃন্দ ও প্রশাসনের সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে গুদাম থেকে বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ পণ্যসহ বিভিন্ন কীটনাশক জব্দ করা হয়েছে। এই ঘটনায় তাৎক্ষণিকভাবে নাদিয়া এন্টারপ্রাইজকে ৮০ হাজার টাকা জরিমানা করা হয়।এসময় জব্দ করা পণ্য প্রশাসনের উপস্থিতিতে ধ্বংস করা হয়। প্রতিষ্ঠানটির প্রোপ্রাইটর মোহাম্মদ খাইরুল অভিযানের সময় উপস্থিত ছিলেন। স্থানীয়দের অভিযোগ, কৃষকের ঘাম ঝরানো অর্থে কেনা সার, কীটনাশক ও কৃষি উপকরণ যদি মেয়াদোত্তীর্ণ বা অনুপযোগী হয়, তবে তা কৃষকের সর্বনাশ ডেকে আনতে পারে। ক্ষতিগ্রস্ত হতে পারে ফসল, নষ্ট হতে পারে কৃষকের স্বপ্ন ও বছরের পরিশ্রম। তাই জব্দ করা পণ্যের প্রকৃত অবস্থা ও অনিয়মের পূর্ণাঙ্গ তদন্ত করে আইন লঙ্ঘনের প্রমাণ পাওয়া গেলে প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিলসহ কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া অতিব জরুরী।

নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ ধরায় ১১ জেলে আটক, জরিমানা

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় তেঁতুলিয়া নদীতে ইলিশের অভয়াশ্রমে ২২ দিনের চলমান সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ ধরার দায়ে মো. হানিফ (২২) নামে এক জেলেকে আটক করা হয়েছে। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ১৪ দিনের কারাদণ্ড ও ২০০ টাকা অর্থদণ্ড দিয়েছেন। অন্যদিকে চরফ্যাশন উপজেলায় মেঘনা নদী থেকে ১০ জেলেকে আটকের পর জরিমানা করেছেনে ভ্রাম্যমাণ আদালত। এছাড়া জব্দ করা হয়েছে জাল ও মাছ। সোমবার (১২ অক্টোবর) দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন লালমোহন উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মো. রেজওয়ানুল হক। কারাদণ্ড প্রাপ্ত জেলে মো.হানিফ পটুয়াখালীর বাউফল উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের মো. জামাল চৌকিদারের ছেলে বলে জানা গেছে। লালমোহন উপজেলা মৎস্য কর্মকর্তা আলী আহমদ আখন্দ বলেন, মা ইলিশ রক্ষায় নিষেধাজ্ঞা বাস্তবায়নে তেঁতুলিয়া নদীতে যৌথ অভিযান পরিচালনার সময় নদীতে মাছ ধরা সময় জেলে হানিফকে আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে কারাদণ্ড ও অর্থদণ্ড দেন। এছাড়া অভিযানে তার কাছ থেকে দুই হাজার মিটার অবৈধ কারেন্ট জাল ও বিভিন্ন প্রজাতির ১০ কেজি মাছ উদ্ধার করা হয়েছে। জব্দকৃত জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করে মাছ স্থানীয় এতিমখানা ও মাদরাসায় বিতরণ করা হয়েছে। অন্যদিকে চরফ্যাশন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু বলেন,গত ২৪ ঘণ্টার যৌথ অভিযানে মেঘনা নদীতে মাছ ধরায় আমরা ১০ জেলেকে আটক করেছি। পরে ভ্রাম্যমাণ আদালতে আটকদের প্রত্যেককে ৩ হাজার টাকা করে মোট ৩০ হাজার টাকা জরিমানার পর ছেড়ে দিয়েছেন। তাদের সকলের বাড়ি চরফ্যাশনের বিভিন্ন এলাকায়। প্রসঙ্গত, ভোলা জেলা মৎস্য বিভাগের তথ্য মতে,গত বুধবার ৭ অক্টোবর দিবাগত রাত ১২টার পর থেকে অর্থাৎ ৮ অক্টোবর থেকে শুরু হওয়া ২২ দিনের এ নিষেধাজ্ঞা শেষ হবে আগামী ২৯ অক্টোবর। এর আওতায় রয়েছে ভোলার মেঘনা নদীর ইলিশা থেকে চরপিয়াল পর্যন্ত ৯০ কিলোমিটার ও তেঁতুলিয়া নদীর ভেদুরিয়া থেকে চররুস্তম পর্যন্ত ১০০ কিলোমিটার। এছাড়া দেশে ইলিশের ৬টি অভয়াশ্রমের মধ্যে দুটিই রয়েছে ভোলায়। নিষেধাজ্ঞা চলাকালে ইলিশের অভয়াশ্রমে মাছ ধরা ক্রয়-বিক্রয় মজুত ও পরিবহন দণ্ডনীয় অপরাধ।

বিয়ের দাবিতে দুই সন্তানের জননীর অবস্থান

দৌলতখান প্রতিনিধি

ভোলার দৌলতখানে ছয় মাসের প্রেমের সম্পর্কের সূত্র ধরে বিয়ের দাবিতে এক যুবকের বাড়িতে অবস্থান নিয়েছেন ইতি বেগম নামে এক গৃহবধূ। তাঁর দাবি, ফাহাদ তাঁকে বিয়ের প্রতিশ্রুতি দিয়েছেন। তবে এ ঘটনার পর থেকে ফাহাদ গা ঢাকা দিয়েছেন বলে জানা গেছে। অন্যদিকে, ইতি বেগমের স্বামী নাইমুল হাসান জানিয়েছেন, এ ঘটনায় তাঁর সামাজিক মর্যাদা ও সম্মান ক্ষুন্ন হয়েছে। তিনি আর স্ত্রীকে সংসারে ফিরিয়ে নিতে চান না। স্থানীয়ভাবে পাওয়া তথ্য অনুযায়ী, ইতি বেগম দৌলতখান উপজেলার ৪৩ নম্বর উত্তর বিজয়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নাইমুল হাসানের স্ত্রী। তাঁদের দুটি সন্তান রয়েছে। ইতি বেগমের সঙ্গে দৌলতখান পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা চুনু মিয়ার ছেলে ফাহাদের প্রায় ছয় মাস ধরে প্রেমের সম্পর্ক রয়েছে বলে দাবি করা হয়েছে। ইতি বেগমের দাবি, ফাহাদ তাঁকে বিয়ে করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেই প্রতিশ্রুতির ভিত্তিতেই তিনি তাঁর বাড়িতে বিয়ের দাবিতে অবস্থান নিয়েছেন। ফাহাদ তাঁকে বিয়ে না করলে তিনি আগের সংসারে ফিরে থাকবেন বলেও জানিয়েছেন। এদিকে, ঘটনার পর ফাহাদকে বাড়িতে পাওয়া যাচ্ছে না বলে জানা গেছে। তাঁর বক্তব্য পাওয়া যায়নি। ফলে বিয়ের প্রতিশ্রুতি ও সম্পর্কের বিষয়ে ইতি বেগমের অভিযোগের সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। এ ঘটনায় স্থানীয়ভাবে আলোচনা তৈরি হয়েছে। তবে বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট পক্ষগুলোর বক্তব্য, ঘটনার বিস্তারিত তথ্য এবং আইনগত অবস্থান যাচাই করা প্রয়োজন।

বরিশালের সাব রেজিস্ট্রি

ধান্ধাল টাইপের মানুষ, বহুত কষ্টে তাকে ম্যানেজ করা গেছে। তাই তো গ্রহিতা সাব রেজিস্টারকে জোর অনুরোধ করায় তিনি বললেন, আচ্ছা আপনি অফিসে কথা বলেন। অফিস সহকারী এক কথার মানুষ, বললেন, ৫০ হাজার লাগবে। বেচারা গ্রহিতা দলিল খরচ জুগিয়েছে বহু ধারদেনা করে, এবার কী করা যাবে। অনেক কষ্টে-শিষ্টে ১০ হাজার কমিয়ে হাতপায়ে ধরে চল্লিশে রাজি করালেন। তাও সাবধান করলেন, আশপাশে কিন্তু সাংবাদিক ঘোরে, ওদের জ্বালায় সুস্থে কাজকর্মও করা যায় না। গোপনে টাকা নিয়ে মাত্র ৩ শতক জমির দলিল করে দিলেন, ৪০ হাজার টাকা ঘুষে, না, না, বকশিসে। **(রাফসান, বরিশাল)।**

বরিশাল সরকারি মডেল স্কুলে

গ্রহণ না করা হলে মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল থেকে লাগাতার 'শাটডাউন' কর্মসূচি পালনের কঠোর হুঁশিয়ারি দিয়েছেন। দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী সাইয়ান বলেছেন, 'আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানে এমনিতেই শ্রেণিকক্ষ, খেলার মাঠ এবং অন্যান্য একাডেমিক সুযোগ-সুবিধার সংকট রয়েছে। এই অবস্থায় যদি নতুন করে প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়, তবে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীরা স্বাভাবিক শিক্ষা পরিবেশ ও মানসম্মত পাঠদান থেকে বঞ্চিত হবে।' নবম শ্রেণির শিক্ষার্থী লামিয়া হুসাইন জানিয়েছেন, 'প্রাথমিক শাখা চালু হলে আমাদের পড়াশোনার পরিবেশ ও শৃঙ্খলা দুটোই মারাত্মকভাবে বিঘ্নিত হবে। ছোট শিশুদের জন্য আলাদা সুযোগ-সুবিধা নিশ্চিত করতে গিয়ে বড় ক্লাসগুলোর স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হবে। তাই বাধ্য হয়ে আমরা ক্লাস ও পরীক্ষা বর্জন করে আন্দোলনে নেমেছি। আমাদের এই যৌক্তিক দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।' এ বিষয়ে সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর তপন কুমার সাহা বলেছেন, 'প্রাথমিক কার্যক্রম চালুর বিষয়ে এখন পর্যন্ত চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি। বিষয়টি নিয়ে আমরা অত্যন্ত গুরুত্বের সাথে কাজ করছি। ইতোমধ্যে বিষয়টি নিয়ে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে কথা বলেছি এবং সংশ্লিষ্ট মহলের সাথে আলোচনা চালিয়ে যাচ্ছি, যাতে শিক্ষার্থীদের পড়াশোনার কোনো ক্ষতি না হয় এবং সমাধান করা যায়।

কাউখালীতে ৮ বছরেও শেষ হয়নি

পড়ে থাকলেও তা শেষ করার কার্যকর কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না। বর্ষা মৌসুমে দুর্ভোগ আরও বেড়ে যায়। এলজিইডি সূত্র ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আওতায় ১ কোটি ১৩ লাখ ৬৭ হাজার ৩৩৩ টাকা ব্যয়ে ব্রিজটির নির্মাণকাজ হয় ২০১৯ সালের ৬ জানুয়ারি। কাজটি বাস্তবায়নের দায়িত্ব পায় ভাণ্ডারিয়ার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ইশান এন্টারপ্রাইজ। চুক্তি অনুযায়ী, ২০২০ সালের ৬ এপ্রিলের মধ্যে কাজ শেষ করার কথা ছিল। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ হয়নি। এরপর প্রায় ছয় বছর পেরিয়ে গেলেও ব্রিজটির নির্মাণকাজ পুরোপুরি সম্পন্ন হয়নি। স্থানীয়দের অভিযোগ, ব্রিজের মূল কাঠামো নির্মাণের পরও দুই পাশের অ্যাপ্রোচ সড়ক তৈরি না করায় এটি কার্যত বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। ব্রিজে ওঠার জন্য স্থানীয়রা সুপারি গাছ দিয়ে তৈরি অস্থায়ী সাঁকো ব্যবহার করছেন। প্রতিদিন এই ঝুঁকিপূর্ণ পথ দিয়েই চলাচল করতে হচ্ছে শিশু, শিক্ষার্থী, নারী, বয়স্কসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে। স্থানীয়রা জানান, শাপলেজা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জয়তুনিয়া দাখিল মাদ্রাসার শিক্ষার্থীদের একটি অংশ এই পথ ব্যবহার করে। এ ছাড়া শাপলেজা, জোলাগাতি ও পশ্চিম ফলইবুনিয়া গ্রামের শিক্ষার্থীরা কাউখালী ও পিরোজপুরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যাতায়াতের সময়ও এ পথ ব্যবহার করে। অ্যাপ্রোচ সড়ক না থাকায় ব্রিজে ওঠানামা করতে গিয়ে প্রতিদিনই ঝুঁকি নিতে হচ্ছে তাদের। স্থানীয় বাসিন্দাদের আশঙ্কা, অস্থায়ী সাঁকো থেকে পড়ে যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। বিশেষ করে শিশু ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে তাঁদের উদ্বেগ বেশি। শিয়ালকাঠি ইউনিয়ন পরিষদের ৪ নম্বর ওয়ার্ডের সদস্য মো. রুবেল বলেন, "সাঁকোটি দীর্ঘদিন ধরে অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। এ কারণে এলাকাবাসী চরম দুর্ভোগে রয়েছে। বিষয়টি একাধিকবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে। দ্রুত কাজ শেষ করা হলে কয়েকটি গ্রামের মানুষের যোগাযোগব্যবস্থার উন্নতি হবে এবং শিক্ষার্থীদের ঝুঁকিপূর্ণ যাতায়াতের অবসান হবে।" তবে ঠিকাদারি প্রতিষ্ঠানের দাবি, অর্থ পরিশোধ না হওয়ায় কাজ এগিয়ে নেওয়া সম্ভব হচ্ছে না। মেসার্স ইশান এন্টারপ্রাইজের প্রতিনিধি গিয়াস উদ্দিন বলেন, "আমরা এ পর্যন্ত প্রায় ৮২ লাখ টাকার কাজ করেছি। কিন্তু এখনো কোনো বিল হাতে পাইনি। এলজিইডি অফিসে বিলসংক্রান্ত কাগজপত্র জমা দেওয়া হয়েছে। বিল পেলে বাকি কাজ দ্রুত শেষ করে দেওয়া হবে।" এলজিইডির কাউখালী উপজেলা প্রকৌশলী ইমতিয়াজ হোসাইন রাসেল বলেন, "ব্রিজটির কাজ অসম্পূর্ণ থাকার বিষয়টি আমাদের নজরে রয়েছে। ঠিকাদার বিল না পাওয়ার বিষয়টি জানিয়েছেন। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে দ্রুত সমাধানের চেষ্টা চলছে। প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন হলে বাকি কাজ শেষ করে ব্রিজটি জনগণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে।" স্থানীয়দের প্রশ্ন, নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ না হওয়ার পরও কেন ব্যবস্থা নেওয়া হয়নি এবং কেন ব্রিজটি অসম্পূর্ণ পড়ে থাকবে। তাদের দাবি, সরকারি অর্থে নির্মিত ব্রিজটির অবশিষ্ট কাজ দ্রুত শেষ করে দুই পাশে অ্যাপ্রোচ সড়ক নির্মাণ করতে হবে এবং জনদুর্ভোগ নিরসনে দ্রুত ব্যবস্থা নিতে হবে।

বরিশালের প্রথম সরকারি মহিলা

ইনস্টিটিউটের উপাধ্যক্ষ এস. এম সামচুন নাহার। নগরীর আলেকান্দার ঐতিহাসিক পরেশ সাগর মাঠের প্রবেশদ্বারে উত্তর পাশে শিক্ষাপ্রতিষ্ঠানটির স্থাপনের কাজ শুরু হয়েছে ২০২০-২১ অর্থবছরে। একটি ছয়তলা বিশিষ্ট প্রশাসনিক ভবন, উত্তর পাশে ছয়তলা বিশিষ্ট বিশাল একাডেমিক ভবন ও দক্ষিণ পাশে ছয়তলা বিশিষ্ট আরেকটি একাডেমিক ওয়ার্কশপ ভবন রয়েছে। ভবন তিনটিতে লিফটের ব্যবস্থা ছাড়াও চারতলা বিশিষ্ট ২০০ আসনের ছাত্রীনিবাস, পাঁচতলা বিশিষ্ট ২০ ইউনিটের শিক্ষক ডরমেটরি ও তিনতলা বিশিষ্ট ছয় ইউনিটের স্টাফ কোয়ার্টার, এক তলা বিশিষ্ট অধ্যক্ষের বাসভবন, নিজস্ব বিদ্যুতের সাব-স্টেশন ও অভ্যন্তরীণ সড়ক ব্যবস্থাও থাকছে। একাডেমিক ওয়ার্কশপ, বিদ্যুতের সাব-স্টেশন ও শহীদ মিনার নির্মাণ কাজ চলতি বছরের ডিসেম্বরের শেষ হবে বলে আশা প্রকাশ করেছেন দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষ এস. এম সামচুন নাহার। তিনি বলেন, শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, সরঞ্জাম ও আসবাবপত্র এরই মধ্যে প্রতিষ্ঠানে পৌঁছেছে। জানা গেছে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বরিশাল আঞ্চলিক কার্যালয়ের তত্ত্বাবধানে নির্মিত সরকারি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট গোটা দক্ষিণাঞ্চলের মধ্যে এটাই প্রথম। ৩ একর ১৮ শতাংশ জমিতে প্রতিষ্ঠিত এই প্রকল্পের কাজ শেষ করতে প্রায় ৫৫ কোটি টাকা ব্যয় হবে বলে জানিয়েছেন নির্বাহী প্রকৌশলী মো. শহিদুল ইসলাম। তিনি বলেন, এ ইনস্টিটিউটে ছয়টি বহুতল ভবন, একটি একতলা ভবন, শহীদ মিনার, বিদ্যুৎ সাব-স্টেশন, অভ্যন্তরীণ রাস্তাসহ, ড্রেন, দুটি অত্যাধুনিক প্রবেশ গেট, বাউন্ডারি ওয়াল এই প্রকল্পের অন্তর্ভুক্ত। শহীদ মিনার, একাডেমিক ওয়ার্কশপ ও বিদ্যুতের সাব-স্টেশন ভবন নির্মাণের অসমাপ্ত কাজ চলতি বছরের মধ্যে শেষ হবে বলে আশা প্রকাশ করেন তিনি। সরকারি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আর্কিটেকচার টেকনোলজি বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী বরিশালের বানারীপাড়া উপজেলার বাসিন্দা বুশরা আক্তার নতুন শিক্ষাপ্রতিষ্ঠানে রোববার প্রথম ক্লাস করেছেন। প্রথম ক্লাসের অনুভূতি ব্যক্ত করে বুশরা বলেন, 'বরিশালের প্রথম মহিলা পলিটেকনিকের প্রথম ব্যাচের শিক্ষার্থী হতে পেরে আমি গর্বিত। মনোরম পরিবেশ ও শিক্ষকমণ্ডলীর আন্তরিকতা আমাকে মুগ্ধ করেছে। আমার জীবনের নতুন অধ্যায় সূচিত হলো।' কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগের শিক্ষার্থী পটুয়াখালীর বাউফল উপজেলার কাতেমা বিনতে মরিয়ম বলেন, 'এ ইনস্টিটিউটে প্রবেশ করে আমার মনে অন্য রকম এক আনন্দ উচ্ছ্বাস অনুভব হচ্ছে। নতুন প্রতিষ্ঠানে, নতুন ক্লাসে, প্রথম শিক্ষার্থী হিসেবে শিক্ষকদের আন্তরিকতা আমাকে উজ্জীবিত করেছে। ইনস্টিটিউটের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এস. এম সামচুন নাহার বলেন, বর্তমান সরকার নারী শিক্ষা প্রসারে নতুন প্রযুক্তি ও কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের দক্ষ হিসেবে গড়ে তুলতে চায়। এই প্রতিষ্ঠানে প্রথম বর্ষের দুটি বিভাগ চালু করা হয়েছে। পর্যায়ক্রমে আরও বিভাগ চালু করা হবে। এ প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা প্রকৃত শিক্ষাগ্রহণ করে নিজে কর্মসংস্থান সৃষ্টি করতে পারবে। এতে যেমন শিক্ষার্থীরা নিজে স্বাবলম্বী হতে পারবে, তেমনি অন্যকে স্বাবলম্বী হিসেবে গড়ে তোলার পথপ্রদর্শক হিসেবে কাজ করবে।

টানা ছুটিতে পর্যটক বরণে প্রস্তুত

হোটেলগুলোতেও গড়ে ৭০ থেকে ৮০ শতাংশ কক্ষ অগ্রিম বুকিং হয়েছে। ২৩ ও ২৪ অক্টোবর কুয়াকাটা পর্যটন কার্নিভাল-২০২৬ উপলক্ষেও হোটেলগুলোতে বুকিং শুরু হয়েছে। ছুটি ঘনিয়ে এলে বাকি কক্ষগুলোও পূর্ণ হয়ে যাবে বলে আশা করছেন ব্যবসায়ীরা। ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব কুয়াকাটার (টোয়াক) সভাপতি রুমান ইমতিয়াজ তুষার বলেন, ইতিমধ্যে কুয়াকাটার প্রায় ৮০ শতাংশ হোটেলকক্ষ বুকিং হয়ে গেছে। ছোট-বড় হোটেল-মোটেল ও রিসোর্টগুলোতে একসঙ্গে প্রায় ৪০ থেকে ৫০ হাজার পর্যটকের রাত্রিযাপনের ব্যবস্থা রয়েছে। বাড়তি পর্যটকের চাপ সামলাতে আশপাশের পাঁচটি গ্রামের প্রায় ৬০০টি বাসাবাড়িও হোমস্টে হিসেবে প্রস্তুত রাখা হয়েছে। এতে আবাসনসংকট মোকাবিলায় সুবিধা হবে বলে আশা করছেন তারা। কুয়াকাটা ট্যুর গাইড অ্যাসোসিয়েশনের সভাপতি কেএম বাচ্চু বলেন, দুর্গাপূজা ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে এবার দীর্ঘ ছুটি পাচ্ছেন পর্যটকরা। তাদের স্বাগত জানাতে হোটেল-মোটেল, রেস্তোরাঁ, ফিশ ফ্রাই, আচার ও ঝিনুকসহ পর্যটননির্ভর প্রায় ১৬টি পেশার পাঁচ থেকে সাত হাজারের বেশি শ্রমিক প্রস্তুত রয়েছেন। শতাধিক প্রশিক্ষিত ট্যুর গাইডের পাশাপাশি অন্য খাতের আরও দুই শতাধিক শ্রমিককে প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে। হোটেল বেস্ট সাউদার্নের পরিচালক জনি জানান, তাদের হোটেলের ৩১টি কক্ষ ১৬, ১৭, ২০, ২১ ও ২২ অক্টোবরের জন্য শতভাগ বুকিং হয়ে গেছে। ২৪ অক্টোবর পর্যন্ত অন্য দিনগুলোতেও ৭০ থেকে ৮০ শতাংশ কক্ষ বুকিং হয়েছে। এখনো অনেকে ফোন করছেন, কিন্তু কক্ষ খালি না থাকায় তাদের বুকিং দেওয়া যাচ্ছে না। অন্যদিকে, হোটেল সাউথ স্টারের পরিচালক মো. মিঠুন তালুকদার বলেন, আমাদের দ্বিতীয় শ্রেণির হোটেলে মোট ২২টি কক্ষ রয়েছে। এর মধ্যে গড়ে ৭০ শতাংশ কক্ষ বুকিং হয়েছে। অন্য সময়ে তারা ৪০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত ছাড় দিলেও এবার ছাড় দিচ্ছেন ১০ থেকে ২০ শতাংশ। দিনের বেশির ভাগ সময় জেনারেটর চালানো ও বিদ্যুতের বেশি দামের কারণে পরিচালন ব্যয় বাড়ছে বলে জানান তিনি। তার ভাষ্য, বছরের তিন থেকে চার মাসের পর্যটন মৌসুমের আয় দিয়েই তাদের সারা বছর চলতে হয়। কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের অর্থ সম্পাদক ও হোটেল খান প্যালেসের ব্যবস্থাপনা পরিচালক খান মো. রাসেল বলেন, বছরের যেসব সময়ে কুয়াকাটায় পর্যটকের সংখ্যা বেশি থাকে, দুর্গাপূজার সময় তার অন্যতম। এ সময়ে পর্যটকদের নিরাপত্তা ও নির্বিঘ্ন ভ্রমণ নিশ্চিত করতে তারা প্রস্তুতি নিচ্ছেন। হোটেল-মোটেল মালিক ও পরিচালকদের ভাড়া না বাড়ানো এবং খাবারের মান ও দাম ঠিক রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। দীর্ঘ ছুটিকে কেন্দ্র করে পর্যটকদের বাড়তি চাপ সামলাতে প্রস্তুতি নিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও। ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা জোনের ইনচার্জ নাজমুল আহসান বলেন, পর্যটকদের নিরাপত্তা ও সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে ট্যুরিস্ট পুলিশ, উপজেলা প্রশাসন ও থানা পুলিশ সমন্বিতভাবে বাড়তি প্রস্তুতি নিয়েছে। তবে পর্যটন মৌসুম ঘিরে ব্যবসায়ীদের মধ্যে আশার পাশাপাশি অবকাঠামো নিয়ে হতাশাও রয়েছে। তাদের মতে, পর্যটন খাতে বিপুল বিনিয়োগ হলেও সৈকত, সড়ক, পরিচ্ছন্নতা ও যোগাযোগব্যবস্থার কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি। কুয়াকাটার সম্ভাবনাকে কাজে লাগাতে দীর্ঘমেয়াদি মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং পর্যটন অবকাঠামোর উন্নয়ন জরুরি।

সৌদিতে বাংলাদেশিদের জন্য সতর্কবার্তা

করার অনুরোধ জানানো হয়েছে। রোববার (১১ অক্টোবর) প্রকাশিত এক জরুরি বিজ্ঞপ্তিতে দূতাবাস এ আহ্বান জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, চলমান পরিস্থিতি নিয়ে কোনো ধরনের তথ্য, ছবি বা ভিডিও ধারণ, আদান-প্রদান কিংবা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করা সৌদি আইনে শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে পরিস্থিতি-সংশ্লিষ্ট কোনো ছবি, ভিডিও বা সংবেদনশীল তথ্য ফেসবুক, ইউটিউব, এক্সসহ (সাবেক টুইটার) অন্যান্য সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার, মোবাইলে সংরক্ষণ কিংবা অন্যের সঙ্গে আদান-প্রদান থেকে সম্পূর্ণ বিরত থাকার জন্য বাংলাদেশিদের বিশেষভাবে অনুরোধ করা হয়েছে। এ ছাড়া ঝুঁকিপূর্ণ ও জনবহুল স্থান এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে দূতাবাস। বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, যে কোনো তথ্য বা সহায়তার জন্য দূতাবাসের নির্ধারিত হটলাইন নম্বরে যোগাযোগ করতে পারবেন প্রবাসী বাংলাদেশিরা। শ্রমসংক্রান্ত টোল-ফ্রি নম্বর ৮০০১০০০১২৫, পাসপোর্টসংক্রান্ত টোল-ফ্রি নম্বর ৮০০১০০০১২৬ এবং ডিপ্লোম্যাটিক উইংয়ের নম্বর ৮০০১০০০১২৮। এ ছাড়া মৃত্যু-সংক্রান্ত জরুরি প্রয়োজনে +৯৬৬৫৬৭০২১১৮০ নম্বরে যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে। সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিদের নিয়মিত ও নির্ভরযোগ্য তথ্য পেতে রিয়াদে বাংলাদেশ দূতাবাসের ভেরিফায়েড ফেসবুক পেজ অনুসরণ করার পরামর্শও দেওয়া হয়েছে।

অবৈধ অভিবাসন ও মানব পাচার ঠেকাতে

সঙ্গে দক্ষ বাংলাদেশি কর্মীদের জন্য ইউরোপের শ্রমবাজারে প্রবেশাধিকার আরও সম্প্রসারণের আহ্বান জানিয়েছে বাংলাদেশ। সোমবার প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে বাংলাদেশ ও ইইউর দ্বিপক্ষীয় বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। ইইউর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন ইউরোপীয় কমিশনের অভ্যন্তরীণ বিষয় ও অভিবাসনবিষয়ক কমিশনার ম্যাগনাস ব্রুনার। বৈঠকে মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেন, সরকার নিয়মিত ও বৈধ অভিবাসন নিশ্চিত করতে বদ্ধপরিকর। অনিয়মিত অভিবাসন বন্ধ ও অভিবাসন খাতে শৃঙ্খলা ফেরাতে ইতিমধ্যে কঠোর পদক্ষেপ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে ৫২টি রিক্রুটিং এজেন্সির লাইসেন্স বাতিল করা হয়েছে। মন্ত্রী বলেন, দক্ষতা উন্নয়নে বাংলাদেশ ইইউর 'ট্যালেন্ট পার্টনার' হিসেবে কাজ করছে। ইউরোপের শ্রমবাজারে দক্ষ বাংলাদেশি কর্মীদের প্রবেশের সুযোগ আরও বাড়াতে ইইউর সহযোগিতা চান তিনি। মন্ত্রণালয়ের সচিব মো. মোখতার আহমেদ বলেন, বাংলাদেশ নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত অভিবাসনে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশ-ইইউ 'ট্যালেন্ট পার্টনারশিপ'-এর আওতায় তথ্যপ্রযুক্তি, নির্মাণ, তৈরি পোশাক, জাহাজ নির্মাণ, কৃষি ও আতিথেয়তা খাতে বাংলাদেশি দক্ষ কর্মীদের কর্মসংস্থানের সুযোগ তৈরিতে ইইউর সহযোগিতা প্রয়োজন। মোখতার আহমেদ ইউরোপীয় মানদণ্ডে দক্ষতা মূল্যায়ন ও সনদ প্রদান, ভাষা প্রশিক্ষণ এবং ডিজিটাল নিয়োগব্যবস্থা উন্নয়নে ইইউর সহযোগিতা চান। পাশাপাশি 'জাতীয় পুনর্বাসন নীতি, ২০২৫'-এর আওতায় বিদেশফেরত কর্মীদের পুনর্বাসনেও সহযোগিতা চাওয়া হয়। ইইউ কমিশনার ম্যাগনাস ব্রুনার বলেন, অনিয়মিত অভিবাসন ও মানব পাচার বন্ধের পাশাপাশি বৈধ পথে অভিবাসন নিশ্চিত করতে ইউরোপীয় ইউনিয়ন সব ধরনের সহযোগিতা দিতে প্রস্তুত। ম্যাগনাস ব্রুনার জানান, ইইউর বিভিন্ন দেশে বর্তমানে প্রায় পাঁচ লাখ বাংলাদেশি বৈধভাবে বসবাস করছেন। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে ম্যাগনাস ব্রুনার বলেন, স্থিতিশীল সরকার ও পরিস্থিতির উন্নতির কারণে রাজনৈতিক আশ্রয়ের আবেদনের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন এসেছে। বাংলাদেশকে 'নিরাপদ দেশ' হিসেবে বিবেচনা করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। বৈঠকে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হক, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ড. মো. শাকিরুল ইসলাম খান, অতিরিক্ত সচিব মো. সাইফুল ইসলাম, বিএমইটির সংশ্লিষ্ট কর্মকর্তা এবং বাংলাদেশ ও ইইউর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ইইউ প্রতিনিধিদলের মধ্যে কমিশনার ম্যাগনাস ব্রুনারের সঙ্গে পরিচালক হেনরিক নিলসেন, ক্যাবিনেট সদস্য গ্রিগোরিওস ডেলাভেকোরাস ও কমিশনারের যোগাযোগ উপদেষ্টা লুকাস গাসনার উপস্থিত ছিলেন। বাংলাদেশে নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলারসহ ইইউ ডেলিগেশনের কর্মকর্তারাও বৈঠকে অংশ নেন।

২৫ কেজি চালে পেট চলে

চলে তাঁদের সংসার। কিন্তু নিষেধাজ্ঞার কারণে নৌকা ও ট্রলার ঘাটে পড়ে রয়েছে। মাছ ধরার জাল মেরামত, নৌকা-ট্রলারের রক্ষণাবেক্ষণ কিংবা ঘাটে বসে জাল বুনে সময় কাটছে অনেক জেলের। কাজ না থাকায় হাতে টাকা নেই, অন্যদিকে বাজারে নিত্যপণ্যের দামও তাঁদের বাড়তি চাপে ফেলেছে। জেলেদের অভিযোগ, নিষেধাজ্ঞার সময় তাঁদের বিকল্প আয়ের ব্যবস্থা না থাকায় পরিবার নিয়ে চরম সংকটে পড়তে হয়। সরকারি সহায়তার চাল দিয়ে কোনোভাবে খাবারের চাহিদা মেটানোর চেষ্টা করলেও চালের বাইরে ডাল, তেল, লবণ, সবজি, ওষুধসহ অন্যান্য প্রয়োজনীয় জিনিস কিনতে অর্থের প্রয়োজন হয়। ঋণের কিস্তি ও সন্তানদের পড়াশোনার খরচও রয়েছে। ফলে শুধু চালের ওপর নির্ভর করে ২২ দিন পার করা তাঁদের জন্য কঠিন। জেলে পলাশ হাওলাদার বলেন, ২২ দিনের নিষেধাজ্ঞায় আমরা নদীতে মাছ ধরতে পারব না। মাছ ধরেই আমাদের সংসার চলে। কিন্তু এই সময়ে সরকার থেকে যে ২৫ কেজি চাল দেওয়া হচ্ছে, তা দিয়ে পরিবারের সবার খাবারের চাহিদা পূরণ করা সম্ভব নয়। চাল দিয়ে তো আর সব খরচ চলে না। নিষেধাজ্ঞার এই সময়ে আমাদের জন্য আরও পর্যাপ্ত খাদ্যসহায়তা ও আর্থিক সহযোগিতা সরকার দেয় তাহলো আমাদের জন্য ভালো হবে। জেলে ফোরকান মিয়া বলেন, গত দুই-তিন বছর ধরে সাগরে তেমন মাছ পাচ্ছি না। মাছ ধরতে গিয়ে অনেক সময় খালি হাতে ফিরতে হয়। সংসারের খরচ চালানো সবকিছুই এখন কঠিন হয়ে পড়েছে।আমরা তো এই পেশা ছাড়া অন্য কোন কাজ করতে পরি না।সরকারে যদি অবরোধের সময় আর্থিক সহায়তা একটু বাড়িয়ে দেয়, তাহলে আমরা বেঁচে থাকতে পারবো। তা না হলে বাধ্য হয়েই বাপ-দাদার মাছ ধরার এই পেশা ছেড়ে দিতে হবে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, সরকার জেলেদের যে পরিমাণ চাল সহায়তা দিচ্ছে, তা দিয়ে তাদের সংসার চালানো সম্ভব নয়। তাই নিষেধাজ্ঞার সময় জেলেদের জন্য চালের পরিমাণ বাড়ানোর পাশাপাশি বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা জরুরি। তিনি আরো বলেন, জীবিকার সংকটে পড়ে জেলেরা তাদের পেশা পরিবর্তন করতে বাধ্য হন, তাহলে দেশের মৎস্যসম্পদ আহরণ ও সরবরাহে নেতিবাচক প্রভাব পড়তে পারে। তাই নিষেধাজ্ঞার সময় জেলেদের জীবিকা সচল রাখতে সরকারকে কার্যকর বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে হবে। বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মো. জিয়া উদ্দিন জানান, ২২ দিনের নিষেধাজ্ঞা উপলক্ষে বরগুনা জেলায় ৩৯ হাজার ৯৭৬ জন জেলেকে জনপ্রতি ২৫ কেজি করে চাল বিতরন শুরু হয়েছে। জেলায় মোট নিবন্ধিত জেলের সংখ্যা ৫২ হাজার ৪৭৬ জন। তিনি আরো বলেন, জেলেদের খাদ্যসহায়তা বাড়ানোর জন্য আমরা সচিব মহোদয়ের সঙ্গে কথা বলেছি। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একটি প্রস্তাবও দেওয়া হয়েছে। আশা করছি, জেলেদের দুর্ভোগের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

মেহেন্দিগঞ্জে ফের উপস্বাস্থ্য কেন্দ্রের

৩০ মিনিট থেকে ১২ অক্টোবর সকাল ৭টার মধ্যে অজ্ঞাত দুর্বৃত্তরা লতা উপস্বাস্থ্য কেন্দ্রের ট্রান্সফরমার চুরি করে নিয়ে যায়। এর আগে গত ২৭ সেপ্টেম্বরও ওই স্বাস্থ্যকেন্দ্রের ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটেছিল বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। বারবার ট্রান্সফরমার চুরির কারণে স্বাস্থ্যকেন্দ্রটির বিদ্যুৎ সরবরাহ সম্পূর্ণ বন্ধ রয়েছে। এতে স্থানীয় বাসিন্দাদের স্বাস্থ্যসেবা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বলে চিঠিতে জানানো হয়। এ ঘটনায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা চুরির সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে গ্রেফতার এবং চুরি যাওয়া ট্রান্সফরমার উদ্ধারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানিয়েছেন। স্থানীয় বাসিন্দাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দ্রুত বিদ্যুৎ সরবরাহ পুনরায় চালু করা এবং এ ধরনের চুরি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

মা ইলিশ সংরক্ষণ অভিযানে

সংরক্ষণে সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নের লক্ষ্যে পরিচালিত এ অভিযানে একটি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এ সময় দুই ব্যক্তিকে পৃথক দুটি মামলায় প্রত্যেককে ১০ হাজার টাকা করে মোট ২০ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। একই সঙ্গে অবৈধভাবে ব্যবহারের জন্য ১২ হাজার মিটার কারেন্ট জাল জব্দ করে বিনষ্ট করা হয়। অভিযান চলাকালে জব্দ করা পাঁচ কেজি ইলিশ স্থানীয় একটি এতিমখানায় বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানা বলেন, মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে সরকারের নিষেধাজ্ঞা বাস্তবায়নে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। নিষেধাজ্ঞা অমান্য করে ইলিশ আহরণ, পরিবহন, মজুত, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অব্যাহত থাকবে। অভিযানে সার্বিক সহযোগিতা করেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. জামাল হোসাইন এবং বরিশালের ব্যাটালিয়ন আনসার সদস্যরা। মা ইলিশ সংরক্ষণ ও ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

পিরোজপুরে ফ্যামিলি কার্ডের তথ্য

উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়ের আওতায় নিয়োগপ্রাপ্ত তথ্যসংগ্রাহক ও সুপারভাইজাররা মাঠপর্যায়ে পরিবারগুলোর তথ্য সংগ্রহ ও তদারকির দায়িত্ব পালন করবেন। প্রয়োজনীয় প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী এ কার্যক্রম পরিচালিত হবে। প্রাপ্ত তথ্য অনুযায়ী, তথ্যসংগ্রাহক নিয়োগের হিসাবে পিরোজপুর সদর উপজেলায় ৪৪ জন, কাউখালীতে ২৯ জন, জিয়ানগরে ৩৪ জন, ভান্ডারিয়ায় ৭০ জন, মঠবাড়িয়ায় ১১৭ জন, নেছারাবাদে ৯২ জন, নাজিরপুরে ৭৪ জন এবং শহর সমাজসেবা কার্যালয়ে ৩২ জনের কথা উল্লেখ করা হয়েছে। এসব সংখ্যার মধ্যে নিয়মিত ও রিজার্ভ কর্মী অন্তর্ভুক্ত রয়েছেন বলে জানানো হয়। অন্যদিকে, সুপারভাইজার নিয়োগের হিসাবে পিরোজপুর সদরে ৪ জন, কাউখালীতে ৩ জন, জিয়ানগরে ৩ জন, ভান্ডারিয়ায় ৭ জন, মঠবাড়িয়ায় ১২ জন, নেছারাবাদে ৯ জন, নাজিরপুরে ৮ জন এবং শহর সমাজসেবা কার্যালয়ে ৩ জনের কথা উল্লেখ করা হয়েছে। ফ্যামিলি কার্ড কর্মসূচির মাধ্যমে পরিবারভিত্তিক সামাজিক নিরাপত্তা জোরদার এবং যোগ্য পরিবারকে সরকারি সহায়তার আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে। তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাইয়ের মাধ্যমে সম্ভাব্য উপকারভোগী পরিবার চিহ্নিত করার পাশাপাশি কর্মসূচিতে স্বচ্ছতা নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। প্রেস কনফারেন্সে ভার্চুয়ালি যুক্ত হয়ে কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন এমপি। এ সময় উপস্থিত ছিলেন প্রতিমন্ত্রী মিজ ফারজানা শারমীন এমপি এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ আবু ইউছুফসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। এ ছাড়া উপস্থিত ছিলেন পিরোজপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (ভারপ্রাপ্ত) মো. ইব্রাহিম খলিল, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মাহামুদুর রহমান মামুন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইফতেখারুল ইসলাম শামীম, জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক সাইফুদ্দিন আল মাদানী, জেলা বিএনপির সদস্যসচিব এস এম সাইদুল ইসলাম কিসমত, জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার এবং স্বেচ্ছাসেবী সংগঠন পজেটিভ পিরোজপুরের সভাপতি মো. হাবিবুর রহমানসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা।

পটুয়াখালীর সড়কটি কাগজে

পোহাচ্ছে। যে সড়কটির কথা বলা হচ্ছে, সেটি পটুয়াখালীর দশমিনা উপজেলার বাঁশবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া এলাকায়। গত বুধবার দুপুরে বাঁশবাড়িয়া লঞ্চঘাট থেকে রকমান ব্যাপারীবাড়ি পর্যন্ত এক কিলোমিটার কাঁচা সড়কটি ঘুরে দেখা যায়, কোথাও কোথাও কাদা শুকিয়ে উঁচু হয়ে আছে। সাধারণত এ সড়কে সাইকেল, মোটরসাইকেল, রিকশা ও অটোরিকশা চলাচলা করে। তবে বর্তমানে যে বেহাল, তাতে রিকশা ও অটোরিকশা চলাচল করা কঠিন হয়ে পড়েছে। এ বিষয়ে স্থানীয় ১০ জন ব্যক্তির সঙ্গে কথা হয়। তাঁরা জানান, নিয়ম-নীতির তোয়াক্কা না করে একটি সড়কের বরাদ্দের টাকা দিয়ে অন্য একটি সড়ক পাকা ও সংস্কার করা হয়েছে। দশমিনার উপজেলার বাঁশবাড়িয়া লঞ্চঘাট থেকে রকমান ব্যাপারীবাড়ি পর্যন্ত কাঁচা সড়কটি পাকা ও সংস্কারের জন্য বরাদ্দ আসে; কিন্তু সেটা না করে প্রায় ৭০০ মিটার দূরে একই ইউনিয়নের চাঁন মিয়া সিকদারবাড়ির সড়ক সংস্কার ও পাকা করা হয়েছে। অনৈতিক আর্থিক সুবিধার বিনিময়ে এলজিইডি কর্তৃপক্ষ ও ঠিকাদারি প্রতিষ্ঠান এমন কাজ করেছে। এলজিইডির দশমিনা উপজেলা কার্যালয় থেকে এ-সংক্রান্ত একটি নথি সংগ্রহ করা হয়েছে। সেই নথিতে দেখা যায়, দশমিনার বাঁশবাড়িয়া লঞ্চঘাট থেকে রকমান ব্যাপারীবাড়ি পর্যন্ত এক কিলোমিটার সড়কটি (আইডি নম্বর ৫৭৮৫২৫১৩৩) বিটুমিনাস কংক্রিটের (বিসি) তৈরি বা পিচঢালাই করা। ২০১০-১১ অর্থবছরে প্রায় ৫০ লাখ টাকা ব্যয়ে সড়কটি প্রথম পাকা করা হয়। বাস্তবে তখনো সড়কটি পাকা করা হয়নি। এ সড়কের পরিবর্তে পাকা করা হয়েছে মূলত চাঁন মিয়া সিকদারবাড়ির সড়ক। অথচ এলজিইডির তালিকায় চাঁন মিয়া সিকদারবাড়ির সড়কটির কোনো অনুমোদন বা আইডি নম্বর নেই। এলজিইডির একটি সূত্র বলছে, সর্বশেষ গত ২০২৫-২৬ অর্থবছরে গ্রামীণ সড়ক, কালভার্ট ও সেতু সংরক্ষণ ও সংস্কার (জিওবি-এম) প্রকল্পের আওতায় বাঁশবাড়িয়া লঞ্চঘাট থেকে রকমান ব্যাপারীবাড়ি পর্যন্ত সড়ক সংস্কারের জন্য ৩৩ লাখ ৮ হাজার ৮৮৫ টাকা বরাদ্দ দেওয়া হয়। ২০২৫ সালের ডিসেম্বরে দরপত্রের মাধ্যমে কাজটি পায় মেসার্স একতা এন্টারপ্রাইজ নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। নথিপত্রের তথ্য অনুযায়ী, গত ২৩ মার্চ সংস্কারকাজ শেষ হলে গত ২৭ এপ্রিল ঠিকাদারকে চূড়ান্ত বিলের টাকা পরিশোধ করে এলজিইডি। এবারও একই কাজ করা হয়েছে। অর্থাৎ বাঁশবাড়িয়া লঞ্চঘাট থেকে রকমান ব্যাপারীবাড়ি পর্যন্ত কাঁচা সড়কটির পরিবর্তনে প্রায় একই দৈর্ঘ্যের চাঁন মিয়া সিকদার বাড়ির সড়কটি সংস্কার করেছে ঠিকাদারি প্রতিষ্ঠান। এ বিষয়ে জানতে চাইলে ঠিকাদারি প্রতিষ্ঠানটির মালিক মো. মাসুদ রানা বলেন, তিনি দরপত্রের মাধ্যমে কাজটি পান। উপজেলা প্রকৌশলী ও তদারকের দায়িত্বে থাকা উপসহকারী প্রকৌশলী তাঁকে যে সড়কটিতে কাজ করতে বলেছেন, সেখানেই তিনি কাজ করেছেন। এখানে তাঁর কোনো দায় নেই। সড়কটির কাজ তদারকির দায়িত্বে ছিলেন এলজিইডির দশমিনা উপজেলার উপসহকারী প্রকৌশলী মো. লুৎফর রহমান। তিনি বলেন, ২০১০-১১ অর্থবছরে যে সড়কে কাজ হয়েছিল, তিনি সেখানেই কাজ করিয়েছেন। এক সড়কের বরাদ্দ দিয়ে অন্য সড়ক সংস্কারের নিয়ম আছে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ভুল তো আগেই হয়েছে, তাঁর কিছু করার নেই। স্থানীয় বাসিন্দা মো. আনিস খান, মো. জাহাঙ্গীর হোসেন ও মো. মহিবুল খানের সঙ্গে কথা হয়। তাঁরা বলেন, দশমিনা এলজিইডি কর্তৃপক্ষ অনৈতিক সুবিধা নিয়ে একটি বাড়ির সামনের সড়ক পাকা করে দিয়েছে। দশমিনা এলজিইডির উপজেলা প্রকৌশলী এ টি এম সাদিকুর রহমান বলেন, একটি নির্দিষ্ট প্রকল্পের বরাদ্দ অন্য খাতে দিয়ে আইডিবিহীন অন্য কোনো সড়কে নির্মাণ বা সংস্কার করার কোনো সুযোগ নেই। যেহেতু ঘটনাটি তাঁর যোগদানের আগের, তাই বিস্তারিত না জেনে বলতে পারছেন না। বিষয়টি সরেজমিনে তদন্ত করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাবেন। সূত্র: প্রথম আলো

বাউফলে ফ্যামিলি কার্ড কার্যক্রমের লক্ষ্যে প্রেস কনফারেন্স

বাউফল প্রতিনিধি

স্বাবলম্বী পরিবার গড়ার লক্ষ্যে সারাদেশের সঙ্গে পটুয়াখালীর বাউফলেও ফ্যামিলি কার্ড কার্যক্রমের তথ্য সংগ্রহবিষয়ক অবহিতকরণ সভা ও প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ অক্টোবর) দুপুর আড়াইটায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ উদ্যোগে এ আয়োজন করা হয়। এতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত ছিলেন মন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন। সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ। এ সময় উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. মুশফিকুর রহমান, বাউফল প্রেসক্লাবের বর্তমান ও সাবেক সাধারণ সম্পাদক জসিম উদ্দিন ও অহিদুজ্জামান ডিউক এবং ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজাররা উপস্থিত ছিলেন।

আগৈলঝাড়ায় ফ্যামিলি কার্ড

মো. শামীমুল ইসলাম শামীম, বিআরডিবির চেয়ারম্যান আকতারুজ্জামানসহ প্রমুখ। এ সময় ফ্যামিলি কার্ড কার্যক্রমের আওতায় তথ্য সংগ্রহের ক্ষেত্রে সঠিক ও নির্ভুল তথ্য প্রদান, সংগৃহীত তথ্য যাচাই এবং নির্ধারিত প্রক্রিয়া অনুসরণের ওপর গুরুত্বারোপ করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে সংশ্লিষ্ট পরিবারগুলোর প্রয়োজনীয় তথ্য সংকলন এবং পরবর্তী কার্যক্রমের পরিকল্পনা প্রণয়নে সহায়তা পাওয়ার বিষয়েও আলোচনা করা হয়। প্রেস কনফারেন্সে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার সরকারি দপ্তর থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তি সাংবাদিকদের পড়ে শোনান। তিনি বলেন, এ ধরনের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য তথ্য সংগ্রহে স্বচ্ছতা, নির্ভুলতা ও দায়িত্বশীলতা বজায় রাখা জরুরি। সঠিক তথ্যের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম পরিচালনা করা সহজ হবে।

এনসিপির কমিটিতে নাম, সেই

রাজনৈতিক দলের সদস্য হওয়া এবং রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে। এ অবস্থায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর ২৫ (১) বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। উল্লেখ্য, গত ৫ অক্টোবর এনসিপির ভোলা জেলা আহ্বায়ক মো. জিয়াউর রহমান ও সদস্যসচিব শরীফ হাওলাদার সাগরের স্বাক্ষরে আগামী ছয় মাসের জন্য দলটির চরফ্যাশন উপজেলা আহ্বায়ক কমিটির আংশিক অনুমোদন দেওয়া হয়। সাত সদস্যবিশিষ্ট ওই কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে সফিউল্ল্যাহ জগলুর নাম অন্তর্ভুক্ত রয়েছে।

আপত্তিকর ভিডিও ভাইরাল ইসলামী

সভাপতি। ভিডিওটি নিয়ে অনুশোচনা প্রকাশ করে তিনি দাবি করেছেন, এটি কয়েক মাস আগের এবং ভিডিও কলে থাকা নারী তার স্ত্রী। তার ভাষ্য, ভিডিওটি নিজের মোবাইল ফোনে সংরক্ষিত ছিল। সম্প্রতি ফোনটি হারিয়ে যাওয়ার পর একটি চক্র অসৎ উদ্দেশ্যে সেটি উদ্ধার করে রাজনৈতিকভাবে তাকে হেয়প্রতিপন্ন করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দিয়েছে। ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক উপাধ্যক্ষ মাওলানা মুহাম্মদ সিরাজুল ইসলাম জানিয়েছেন, দলীয় শৃঙ্খলা ও আদর্শের প্রশ্নে সংগঠন কঠোর অবস্থানে রয়েছে। ভোলা দক্ষিণ জেলা শাখার সভাপতি প্রফেসর কামাল উদ্দিনের নেতৃত্বে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে আব্বাস উদ্দিনের বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে চূড়ান্ত সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত আব্বাস উদ্দিনের সব সাংগঠনিক পদ স্থগিত থাকবে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে।

নেছারাবাদে নিখোঁজের একদিন

মো. মেহেদী হাসান ও সহকারী পুলিশ সুপার (সার্কেল) প্রণব রায় জানান, খবর পেয়ে পুলিশ দ্রুত লাশ উদ্ধার করে পরিচয় নিশ্চিত করেছে। ঘটনার রহস্য উদঘাটনে তদন্ত চলছে, তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে। এদিকে বিপুল সিকদারের এই আকস্মিক মৃত্যুতে পরিবার ও এলাকায় গভীর শোক ও চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

আগৈলঝাড়ায় নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য, সংগীত ও অসাম্প্রদায়িক চেতনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে নজরুল বর্ষ উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকালে উপজেলা পরিষদের আয়োজনে পরিষদ হলরুমে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদারের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এমপি। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তানজিম হোসেন তমাল, আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মাহাবুবুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা সুনীতি কুমার সাহা, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহবায়ক শিকদার হাফিজুল ইসলাম, যুগ্ম আহবায়ক শাহ মো. বখতিয়ার, সরোয়ার হোসেন মিয়া, আবুল হোসেন মোল্লা, শামছুল হক খোকন, কার্তিক বেপারী, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস, আগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি মো. শামীমুল ইসলাম শামীম, বিআরডিবির চেয়ারম্যান আকতারুজ্জামানসহ প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এমপি বলেন, কাজী নজরুল ইসলাম বাংলা সাহিত্য ও সংস্কৃতির এক অনন্য ব্যক্তিত্ব। তাঁর কবিতা, গান ও সাহিত্যকর্ম অন্যায়-অবিচারের বিরুদ্ধে প্রতিবাদ, সাম্য, মানবতা ও অসাম্প্রদায়িকতার বার্তা বহন করে। নজরুলের সাহিত্য ও সংস্কৃতির চর্চা শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের পাশাপাশি দেশ ও সমাজের প্রতি দায়িত্বশীল হতে অনুপ্রাণিত করবে। অনুষ্ঠানে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী ১২৬ জন শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

অবৈধ অভিবাসন ও মানব পাচার ঠেকাতে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ-ইইউ

কীর্তনখোলা ডেস্ক

অবৈধ ও অনিয়মিত অভিবাসন এবং মানব পাচার প্রতিরোধের পাশাপাশি বৈধ পথে বাংলাদেশি কর্মীদের ইউরোপে যাওয়ার সুযোগ বাড়াতে একসঙ্গে কাজ করতে সম্মত হয়েছে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। একই ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৩ অক্টোবর ২০২৬ ॥ ২৮ আশ্বিন ১৪৩৩

সৌদিতে বাংলাদেশিদের জন্য সতর্কবার্তা ছবি-ভিডিও প্রকাশে নিষেধাজ্ঞা

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতিতে সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছে রিয়াদে অবস্থিত বাংলাদেশ দূতাবাস। একই সঙ্গে সৌদি কর্তৃপক্ষের জারি করা নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ৩ এর পাতায় দেখুন

বরিশাল সরকারি মডেল স্কুলে প্রাথমিক শিক্ষা চালুর প্রতিবাদে শিক্ষার্থীদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজে শিক্ষার্থীরা প্রাথমিক শিক্ষা কার্যক্রম পুনরায় চালু না করার দাবিতে ক্লাস ও পরীক্ষা বর্জন করে বিক্ষোভে অংশগ্রহণ করেছেন। সোমবার (১২ অক্টোবর) সকালে ষষ্ঠ থেকে দশম শ্রেণি এবং উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা এই আন্দোলনে সক্রিয় ছিলেন। প্রতিষ্ঠানের মূল ফটকের সামনে অবস্থান নিয়ে তারা বিভিন্ন স্লোগান দেন, ফলে ক্যাম্পাসের সব ধরনের ক্লাস ও স্বাভাবিক কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। আন্দোলনরত শিক্ষার্থীরা অভিযোগ করেছেন যে, প্রতিষ্ঠানে বন্ধ থাকা প্রাথমিক শিক্ষা কার্যক্রম পুনরায় চালু হলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীরা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হবে। এই আশঙ্কা থেকে তারা এর আগে জেলা প্রশাসক বরাবর একটি স্মারকলিপি প্রদান করেছিলেন। কিন্তু বিষয়টি নিয়ে দৃশ্যমান কোনো উদ্যোগ না নেওয়ায় তারা বাধ্য হয়ে আন্দোলনে নেমেছেন। তারা আগামী ২৪ ঘণ্টার মধ্যে কার্যকর ব্যবস্থা ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীর সড়কটি কাগজে কলমে পাকা, বাস্তবে কাঁচা

কীর্তনখোলা ডেস্ক

একটি কাঁচা সড়ক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) কাগজে-কলমে পাকা ও সংস্কারকাজ সম্পন্ন দেখানো হয়েছে। এমনকি কাজের বিলের টাকাও তুলে নিয়েছেন ঠিকাদার। তবে বাস্তবে এক কিলোমিটার দৈর্ঘ্য ও ১০ ফুট প্রস্থের সড়কটি কাঁচা ও বেহাল পড়ে আছে। সড়কটির কোথাও কোথাও জমে আছে কাদামাটি। এর ফলে তিনটি গ্রামের সাত হাজারের বেশি মানুষ ও চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষার্থী সীমাহীন ভোগান্তি ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ফ্যামিলি কার্ড কার্যক্রমে তথ্য সংগ্রহ বিষয়ে প্রেস কনফারেন্স

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় ফ্যামিলি কার্ড কার্যক্রমের আওতায় উপজেলার ২টি ইউনিয়নে তথ্য সংগ্রহ বিষয়ে অবহিতকরণ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে উপজেলা পরিষদ হলরুমে উপজেলা সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে এ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। এতে ফ্যামিলি কার্ড কার্যক্রমের তথ্য সংগ্রহের উদ্দেশ্য, প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় তুলে ধরা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নিরুপম মজুমদারের সভাপতিত্বে প্রেস কনফারেন্সে প্রধান অতিথির বক্তব্য রাখেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এমপি। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তানজিম হোসেন তমাল, আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস, উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহবায়ক শিকদার হাফিজুল ইসলাম, যুগ্ম আহবায়ক সরোয়ার হোসেন মিয়া, শামছুল হক খোকন, কার্তিক বেপারী, এনায়েত খান মনু, আগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহে কর্মী-সুপারভাইজার নিয়োগ

পিরোজপুর প্রতিনিধি

সরকারের ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় পরিবারভিত্তিক তথ্য সংগ্রহের জন্য পিরোজপুরে ৪৯২ জন তথ্যসংগ্রাহক ও ৪৯ জন সুপারভাইজার নিয়োগ দেওয়া হয়েছে। এ কর্মসূচির প্রস্তুতি ও বাস্তবায়ন পরিকল্পনা তুলে ধরতে সোমবার (১২ অক্টোবর) দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সভাকক্ষে এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসক মো. গোলাম রব্বানীর সভাপতিত্বে এ সময় জানানো হয়, জেলার সাতটি ৩ এর পাতায় দেখুন

টানা ছুটিতে পর্যটক বরণে প্রস্তুত কুয়াকাটা, বুকিং ৮০ শতাংশ

কুয়াকাটা প্রতিনিধি

শারদীয় দুর্গাপূজা ও সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা পাঁচ দিনের ছুটিকে কেন্দ্র করে পর্যটকদের বরণে প্রস্তুত পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত। এরই মধ্যে পর্যটনকেন্দ্রটির হোটেল-মোটেলগুলোর প্রায় ৮০ শতাংশ কক্ষ অগ্রিম বুকিং হয়ে গেছে। পর্যটকের বাড়তি চাপ সামলাতে আবাসন, খাবার ও নিরাপত্তার প্রস্তুতি নিচ্ছেন সংশ্লিষ্ট ব্যবসায়ী ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। হোটেল-মোটেল ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা গেছে, কুয়াকাটায় ছোট-বড় তিন শতাধিক আবাসিক হোটেল, মোটেল ও রিসোর্ট রয়েছে। প্রথম শ্রেণির হোটেলগুলোর ১৬, ১৭, ২০, ২১ ও ২২ অক্টোবরের অধিকাংশ কক্ষ ইতিমধ্যে বুকিং হয়ে গেছে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ৮ বছরেও শেষ হয়নি ব্রিজ, সাঁকোয় ঝুঁকিপূর্ণ পারাপার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে ১ কোটি ১৩ লাখ ৬৭ হাজার টাকা ব্যয়ে নির্মাণাধীন একটি গার্ডার ব্রিজ আট বছরেও পুরোপুরি শেষ হয়নি। নির্ধারিত সময়ের প্রায় আট বছর পরও ব্রিজটির দুই পাশে অ্যাপ্রোচ সড়ক নির্মাণ না হওয়ায় এটি পুরোপুরি ব্যবহার করতে পারছেন না স্থানীয়রা। ফলে সরকারি অর্থ ব্যয়ে নির্মিত অবকাঠামোটি মানুষের যোগাযোগের সুবিধার বদলে দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে। উপজেলার শিয়ালকাঠি ইউনিয়নের ফলইবুনিয়া গ্রামের পাঙ্গাসিয়া-জোলাগাতি সড়কের লক্ষণ মিস্ত্রির বাড়ির সামনে নির্মাণাধীন ব্রিজটির এমন অবস্থায় স্থানীয়দের মধ্যে ক্ষোভ বাড়ছে। তাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে নির্মাণকাজ অসম্পূর্ণ ৩ এর পাতায় দেখুন

মা ইলিশ সংরক্ষণ অভিযানে ২০ হাজার টাকা জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলায় মা ইলিশ সংরক্ষণ অভিযানের পঞ্চম দিনে দুই ব্যক্তিকে মোট ২০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় ১২ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করে বিনষ্ট করা হয়েছে। পাশাপাশি জব্দ করা পাঁচ কেজি ইলিশ স্থানীয় একটি এতিমখানায় বিতরণ করা হয়। সোমবার (১২ অক্টোবর) বরিশাল সদর উপজেলার কীর্তনখোলা নদী, আড়িয়াল খাঁ ও কালাবদর নদীতে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ফরিদা সুলতানা। অভিযান সূত্রে জানা গেছে, মা ইলিশ ৩ এর পাতায় দেখুন

২৫ কেজি চালে পেট চলে না বরগুনার জেলেদের

বরগুনা প্রতিনিধি

মা ইলিশের নিরাপদ প্রজনন নিশ্চিত করতে ২২ দিনের নিষেধাজ্ঞা চলছে। এ সময়ে নদী ও সাগরে ইলিশসহ সব ধরনের মাছ ধরা বন্ধ থাকায় কর্মহীন হয়ে পড়েছেন উপকূলীয় জেলা বরগুনার হাজারো জেলে। মাছ ধরতে না পারায় বন্ধ হয়ে গেছে তাঁদের দৈনন্দিন আয়। অথচ পরিবারের ভরণপোষণ, সন্তানের পড়াশোনা, চিকিৎসা ও নিত্যপ্রয়োজনীয় খরচ থেমে নেই। এমন পরিস্থিতিতে সরকারি সহায়তা হিসেবে জনপ্রতি ২৫ কেজি চাল পেলেও তা দিয়ে ২২ দিন কীভাবে সংসার চলবে, তা নিয়ে দুশ্চিন্তায় জেলেরা। বরগুনার পায়রা, বিষখালী ও বলেশ্বর নদীসহ উপকূলীয় এলাকার জেলেদের বড় একটি অংশের জীবিকা মাছ ধরার ওপর নির্ভরশীল। প্রতিদিন নদী কিংবা সাগরে মাছ ধরে যা আয় হয়, তা দিয়েই চলে তাঁদের সংসার। কিন্তু নিষেধাজ্ঞার কারণে নৌকা ও ট্রলার ঘাটে পড়ে রয়েছে। মাছ ধরার জাল মেরামত, নৌকা-ট্রলারের রক্ষণাবেক্ষণ কিংবা ঘাটে বসে জাল বুনে সময় কাটছে অনেক জেলের। কাজ না থাকায় হাতে টাকা নেই, অন্যদিকে বাজারে নিত্যপণ্যের দামও তাঁদের বাড়তি চাপে ফেলেছে। জেলেদের ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে ফের উপস্বাস্থ্য কেন্দ্রের ট্রান্সফরমার চুরি, ব্যাহত চিকিৎসাসেবা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার কাজিরহাট থানাধীন লতা ইউনিয়নের লতা উপস্বাস্থ্য কেন্দ্র থেকে আবারও ট্রান্সফরমার চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ ও চুরি যাওয়া ট্রান্সফরমার উদ্ধারের অনুরোধ জানিয়ে কাজিরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে লিখিত আবেদন করেছেন মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. ইমরানুর রহমান। পজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাক্ষরিত চিঠি সূত্রে জানা যায়, ১১ অক্টোবর রাত ১০টা ৩ এর পাতায় দেখুন

আপত্তিকর ভিডিও ভাইরাল ইসলামী আন্দোলন নেতার সব পদ স্থগিত

ভোলা প্রতিনিধি

আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ার পর ভোলায় ইসলামী আন্দোলন বাংলাদেশের ভোলা দক্ষিণ জেলা শাখার সেক্রেটারি মাওলানা আব্বাস উদ্দিনের সব সাংগঠনিক পদ স্থগিত করা হয়েছে। ঘটনা তদন্তে গঠন করা হয়েছে পাঁচ সদস্যের বিশেষ কমিটি। ভোলা দক্ষিণ জেলা ইসলামী আন্দোলন বাংলাদেশের অফিশিয়াল ফেসবুক পেজে প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। স্থানীয় সূত্র ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া তথ্য অনুযায়ী, ভাইরাল ভিডিওতে আব্বাস উদ্দিনকে এক নারীর সঙ্গে ভিডিও কলে আপত্তিকর অবস্থায় কথা বলতে দেখা যায় বলে দাবি করা হচ্ছে। ভিডিওটি ঘিরে এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। বিশেষ করে, তিনি চরফ্যাশন এলাকার একটি কওমি মহিলা মাদরাসা পরিচালনা করায় প্রতিষ্ঠানটির পরিবেশ ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয়দের কেউ কেউ। আব্বাস উদ্দিন ইসলামী যুব আন্দোলনের সাবেক ৩ এর পাতায় দেখুন

বরিশালের প্রথম সরকারি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের যাত্রা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে সরকারি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু হয়েছে। রোববার (১১ অক্টোবর) থেকে ৪৭ জন শিক্ষার্থী নিয়ে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের সর্বপ্রথম ক্লাস শুরু হয়। আর্কিটেকচার টেকনোলজি এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি এ দুটি বিভাগ নিয়ে যাত্রা শুরু করা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে অধ্যক্ষ, ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর, ক্রাফট ইন্সট্রাক্টরসহ ১১ জন শিক্ষক-কর্মচারী দায়িত্ব পালন করছেন। ইনস্টিটিউটের অধ্যক্ষ হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন বরিশাল সরকারি পলিটেকনিক ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে নিখোঁজের একদিন পর প্রৌঢ়ের মরদেহ উদ্ধার

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় নিখোঁজের এক দিন পর বিপুল সিকদার (৫০) নামে এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (১২ অক্টোবর) দুপুরে উপজেলার ১০ নম্বর সারেংকাঠী ইউনিয়নের গয়েশকাঠী এলাকা থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত বিপুল সিকদার সারেংকাঠী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা বিনোদ সিকদারের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গত রবিবার (১১ অক্টোবর) সকাল ১১টার দিকে বিপুল সিকদার বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হন। সোমবার দুপুরে স্থানীয় এক ব্যক্তি ঘাস কাটতে গিয়ে গয়েশকাঠী এলাকায় তাঁর লাশ দেখতে পান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। পরবর্তীতে নেছারাবাদ থানা পুলিশ ও ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল ৩ এর পাতায় দেখুন

এনসিপির কমিটিতে নাম, সেই প্রাণিসম্পদ কর্মকর্তা বরখাস্ত

চরফ্যাশন প্রতিনিধি

সরকারি চাকরিতে কর্মরত অবস্থায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চরফ্যাশন উপজেলা কমিটিতে সাংগঠনিক পদে থাকার অভিযোগে ভোলার চরফ্যাশনের উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা মো. সফিউল্লাহ জগলুকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সোমবার প্রাণিসম্পদ

অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মো. শাহজামান খানের স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়েছে। আদেশে বলা হয়, মো. সফিউল্লাহ জগলু বর্তমানে ভোলার লালমোহন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে কর্মরত। তিনি সংযুক্তিতে চরফ্যাশন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে দায়িত্ব পালন করছিলেন। আদেশে আরও বলা হয়েছে, বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদের মাধ্যমে জানা গেছে, সফিউল্লাহ জগলু এনসিপির চরফ্যাশন উপজেলা কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক পদে রয়েছেন। তাই সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর ২৫ (১) বিধিতে সরকারি কর্মচারীদের ৩ এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com